উত্তর: এটা আপনাকে আপনার ছয়-মাসের ওজনের যে লক্ষ্যে সেখানে পৌঁছাতে সাহায্য করবে।

► **জিজ্ঞাসা করুন:** প্রতি দিন আপনার কার্যকলাপ সংক্ষেপের উপর নজরদারির উদ্দেশ্য কি?

উত্তর: এইটা আপনাকে আপনার ছয়-মাসের ওজন কার্যক্রমের লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে — প্রতি সপ্তাহে ন্যূনতম 150 মিনিটের পক্রিয়া সাধন করতে বা শারীরিক সক্রিয়তা বজায় রাখতে হলে। কার্যক্রমটি অবশ্যই অন্তত একটি পরিমিত গতির হতে হবে।

► **বলুন:** এবং, অবশ্যই, ওই দুটি লক্ষ্যই (ওজন কমানো ও কার্যক্রম) আপনাকে আপনার টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি কমাতে সাহায্য করে।

কোচের জন্যে নোট

.....

অংশগ্রহণকারীরা ইচ্ছা করলে অবলম্বন হিসেবে একটি চেয়ার ধরে থাকতে পারেন। দাঁড়িয়ে মার্চিং যদি তাঁদের খুব কষ্ট হয়, তাহলে তাঁরা যেন বসে মার্চিং করেন। অংশগ্রহণকারীরা টক টেস্ট ব্যবহার করবে এটা নিশ্চিত করার জন্যে যে তারা সঠিক মধ্যম গতিতে মার্চিং করছে।

আপনার কর্মক্রম সমন্বিতভাবে করার উপায় বা সাধনগুলি:

- হাতঘড়ি
 - ঘড়ি
 - টাইমার
 - সুস্থ্যতার ড্র্যাচার
 - স্মার্ট ফোনের অ্যাপস
 - কম্পিউটার অ্যাপ
-

কিভাবে আপনার কার্যকলাপের উপর নজর রাখবেন (23 মিনিট)

▶ **বলুন:** আমরা কথা বলেছি কেন নজরদারির দরকার আপনার দিন প্রতিদিনের কার্য সংক্ষেপের। এখন আমরা তা অভ্যাস করব। চলুন আমরা কথা বলতে বলতে মার্চ করি কিভাবে আমরা নজরদারি করব।

.....

✱ **কার্যকলাপ:** নজরদারি অনুশীলন

↗ **যা করবেন** অংশগ্রহণকারীদের সাথে জায়গায় মার্চ করুন। **নজর রাখুন কতক্ষণ তারা মার্চ করে।**

▶ **জিজ্ঞাসা করুন:** আপনার কার্যকলাপ সংক্ষেপের উপর নজর রাখার দুটি ধাপ। আপনার কি মনে হয় সেগুলি কি?

উত্তর:

1. আপনার কর্মকলাপের সময় নির্ধারণ করুন।
2. আপনার কার্যকলাপ সংক্ষেপ নথিভুক্ত করুন।

🗨 **আলোচনা করুন:** আপনার কর্মকলাপের সময় নির্ধারণ করার উপায়গুলি কি?

↗ **যা করবেন** আপনি কি, কোনো উদাহরণ দিতে ইচ্ছুক কি ভাবে কোন সময়ে কার্যক্রমের সংক্ষেপ নথিভুক্ত করা যায়। অংশগ্রহণকারীদের দেখিয়ে দিন কীভাবে সেগুলিকে ব্যবহার করতে হয়।

▶ **বলুন:** প্রত্যেকেই ভালোভাবে মার্চ করছে! আপনি এখন থামতে পারেন। আপনারা ___ মিনিট ধরে মার্চ করেছে। চলুন সেগুলি আমরা আমাদের ফিটনেস লগে লিখে ফেলি।

↗ **যা করবেন** সংক্ষেপে ফিটনেস লগ নিয়ে পর্যালোচনা করুন। অংশগ্রহণকারীদের কার্যকলাপের সংক্ষেপ নথিভুক্ত করতে সাহায্য করুন।

.....

<p>কোচের জন্যে নোট</p>	<p>কিভাবে আপনার কার্যকলাপের উপর নজর রাখবেন</p>
<p>আপনার কার্যকলাপ <u>নথিভুক্ত</u> করার উপায়:</p> <ul style="list-style-type: none"> ■ স্পাইরাল নোটবই ■ স্প্রেডশীট ■ সুস্থ্যতার ড্র্যাকার ■ স্মার্ট ফোনের অ্যাপস ■ কম্পিউটার অ্যাপ ■ কন্ঠস্বর রেকর্ডিং করা 	<p>🗨️ আলোচনা করুন: আপনাদের ফিটনেস লগ ছাড়া আর কি উপায়ে <u>নথিভুক্ত</u> করা যায় আপনাদের কার্যক্রমের সংক্ষেপ?</p> <p>▶ বলুন: পরিশেষে, যদিও, ফিটনেস লগেতেই কার্যকলাপ সংক্ষেপ <u>নথিভুক্ত</u> করা চাই। আপনারা আমাকে প্রতি সেশনে এই লগ দেখাবেন।</p>
<p>সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)</p>	<p>▶ বলুন: অনুগ্রহ করে আপনার কর্ম পরিকল্পনার জার্নাল দেখুন। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।</p> <p>আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?</p> <p>আরো মনে রাখা দরকার আমরা আজকে কি আলোচনা করেছি আপনাদের কার্যক্রমের উপর নজরদারির ব্যাপারে।</p>

কোচের জন্যে নোট	সাফল্যের পরিকল্পনা
	<p>পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:</p> <ul style="list-style-type: none">■ বাস্তবধর্মী■ সম্পাদনযোগ্য■ নির্দিষ্ট■ নমনীয় <p>আগের বারের থেকে আর একটু বেশি করার চেষ্টা করুন। মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!</p> <p>👉 যা করবেন অংশগ্রহণকারীদের অল্প কয় মিনিট সময় দাও কর্ম পরিকল্পনা বানানোর জন্যে।</p>

কোচের জন্যে নোট

সারাংশ ও সমাপ্তি (10 মিনিট)

► **বলুন:** অনুগ্রহ করে আপনার ফিটনেস লগ আবার দেখুন। আপনি ওটা প্রতিদিন ব্যবহার করবেন কার্যক্রম সংক্ষেপের উপর নজর রাখার জন্যে।

মনে রাখবেন: নজর রাখুন কার্যক্রমের উপর, সঠিক পরিমিত গতিতে — প্রক্রিয়া যার সাথে আপনি কথা বলতে পারবেন, কিন্তু তা অতি সহজসাধ্যও যেন না হয়। এবং এর মধ্যে দৈনন্দিন কার্যকলাপগুলিকে অন্তর্ভুক্ত করতে ভুলে যাবেন না, যেমন তাড়াতাড়ি মেজে ঝাঁট দেওয়া বা লনের ঘাস ছাটা।

এমনও দিন যেতে পারে যেদিন আপনি শূন্য মিনিট কার্যক্রম নথিভুক্ত করতে পারবেন এবং সেটা কোনো অসুবিধার নয়। মূল জিনিসটি হল নজরদারি বজায় রাখা প্রতি দিন বাকি পুরো কর্মসূচিটির জন্যে। আপনারা আমাকে প্রতি সেশন প্রথমেই এই ফিটনেস লগ দেখাবেন।

► **যা করবেন** প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

► **বলুন:** চলুন এবারে এই মডিউলের বিলিপত্রগুলোর প্রতি মনোযোগ দেওয়া যাক। এখন ও পরবর্তী সেশন মাঝে, অনুগ্রহ করে পড়ুন “কিভাবে আপনার কার্যক্রমের উপর নজর রাখবেন” পৃষ্ঠা 3।

এইবারে লক্ষ্য করুন “কিভাবে বাঁধা অতিক্রম করবেন” পৃষ্ঠা 8। এখানে কিছু সাধারণ চ্যালেঞ্জের উদাহরণ দেখানো আছে এবং সেগুলিকে কীভাবে মোকাবিলা করতে হয় তার উপায় দেওয়া আছে। “কাটিয়ে ওঠার অন্যান্য উপায়” কলামে আপনার নিজের আইডিয়া লিখুন। আপনি যেসব আইডিয়া চেষ্টা করেছেন সেগুলিতে টিক দিন।

► **আলোচনা করুন:** আপনি নিশ্চয় নিজ কার্যক্রমের উপর নজর রাখার বিষয়ে কিছু বাঁধা পেয়েছেন সেগুলি কি? আপনি কি করে এই সব বাঁধার বিরুদ্ধে কাজ করবেন?

► **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজ আমরা আলোচনা করলাম কিভাবে নজর রাখবেন আপনার কার্যকলাপ সংক্ষেপের উপর প্রতিদিন, এবং তা আপনার টাইপ -2 ডায়াবেটিসকে প্রতিরোধ বা বিলম্বিত করতে সাহায্য করবে।

এই আলোচনা ঐচ্ছিক।

কোচের জন্যে নোট



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- শারীরিক সুস্থতার লগ
- কিভাবে আপনার কার্যকলাপের উপর নজর রাখবেন
- কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন
- কর্ম পরিকল্পনা

সারাংশ ও সমাপ্তি

আমরা কথা বললাম:

- ট্র্যাকিং করার উদ্দেশ্য
- কিভাবে আপনার কার্যকলাপের উপর নজর রাখবেন

আপনিও একটি সুযোগ পেলেন অনুশীলনের নিজের কার্যকলাপের উপর নজর রাখার।

আলোচনা করুন: আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

► **বলুন:** পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলত্ববি করা হলো।

PREVENT T2

A PROVEN PROGRAM TO PREVENT OR DELAY TYPE 2 DIABETES



লাইফস্টাইল কোর্সের প্রশিক্ষণ নির্দেশিকা

Prevent T2 এর জন্য ভালো খাবার খান

Prevent T2 এর জন্য ভালো খাবার খান

সেশনের মূল বিষয়গুলি

ভালো খাবার টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করে। এই মডিউলটা স্বাস্থ্যকর খাবার ধারণার সাথে পরিচয় করিয়ে দেয়।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো করতে পারবে:

- ▶ ব্যাখ্যা করতে পারবে কিভাবে সঠিক খাবার খেতে হবে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ বা বিলম্বিত করতে।
- ▶ কীভাবে স্বাস্থ্যকর খাদ্য প্রস্তুত করা যাবে সেটা ব্যাখ্যা করবে
- ▶ প্রত্যেক খাদ্য গোষ্ঠীর মধ্যে থাকা উপাদানগুলিকে চিহ্নিত করবে

উপকরণের তালিকা

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রতিটি অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, প্রয়োজনমত
- খালি ফুড লগ, প্রয়োজনমত
- খালি কর্ম পরিকল্পনা, প্রয়োজনমত
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, প্রয়োজনমত
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- কলম

ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- স্টার্চবিহীন এক কামড়ে খাওয়ার মতো টুকরো করা সবজির ট্রে, যাতে কম মিষ্টি এবং কম ফ্যাট থাকবে
- বেক করা, অল্প নুন দেওয়া ভুড়ার চিপস আর সালসা
- স্টার্চবিহীন এক কামড়ে খাওয়ার মতো টুকরো করা ফলের ট্রে, যাতে কম মিষ্টি এবং কম ফ্যাট থাকবে
- “Healthy Can Be Tasty (স্বাস্থ্যকর খাদ্যও সুস্বাদু হতে পারে)” ভিডিও:
<https://www.youtube.com/watch?v=k7-JJZ2jpWE>
- ভিডিও দেখার জন্য প্রয়োজন ইন্টারনেটসহ প্রোজেক্টর

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায়ই 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা পৃষ্ঠা 6 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7..... 2 মিনিট
- কীভাবে সঠিক খাদ্য খাবেন..... পৃষ্ঠা 7..... 10 মিনিট
- কীভাবে স্বাস্থ্যকর খাদ্য প্রস্তুত করা যায়..... পৃষ্ঠা 10 10 মিনিট
- খাদ্য গোষ্ঠীসমূহ পৃষ্ঠা 12..... 13 মিনিট
- সাক্ষ্যের পরিকল্পনা পৃষ্ঠা 17..... 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 18 10 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

▶ **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজ, আমরা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে ভালো খাদ্যের গুরুত্বের কথা আলোচনা করতে চলেছি।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

📌 **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

🗨️ **আলোচনা করুন:** আমাদের বিগত অধিবেশন নিয়ে আপনাদের কী কী প্রশ্ন আছে?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

▶ **বলুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

কোচের জন্যে নোট	উদ্দেশ্য (2 মিনিট)
	<p>► বলুন: ভালোভাবে খেলে তা আপনাকে সাহায্য করতে পারে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে অথবা বিলম্বিত করতে। আজ আমরা, এই নিয়ে আলোচনা করব:</p> <ul style="list-style-type: none">■ কি করে স্বাস্থ্যকরভাবে খাওয়া যায়■ কিভাবে এক স্বাস্থ্যকর খাদ্য তৈরি করা যায়■ প্রতিটি খাদ্যের গ্রুপের বস্তুগুলি <p>অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
	কীভাবে ভালো খাদ্য খাওয়া যায় (10 মিনিট)
	<p>► বলুন: আপনার টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি কমানোর জন্য কীভাবে ভালো খাদ্য খাওয়া যায় সে বিষয়ে আলোচনা শুরু করা যাক। সবার প্রথমে, আপনাকে এমন সব সামগ্রী বেছে নিতে চাইবেন যেগুলিতে কম পরিমাণে ক্যালরি আছে।</p> <p>► জিজ্ঞাসা করুন: কেউ কি আমাকে বললেন ক্যালরি কি?</p> <p>উত্তর: ক্যালরি হল দৈহিক শক্তি পরিমাপের একক। আপনারা যা কিছু খান বা পান করেন তার থেকে এটা পেয়ে থাকেন। আপনার শরীর ক্যালরি পুড়িয়ে ফেলে যেভাবে কোনো গাড়ি গ্যাস পোড়ায়।</p>

কোচের জন্যে নোট	কি করে স্বাস্থ্যকরভাবে খাওয়া যায়
	<p>▶ বলুন: আপনি যদি প্রতি সপ্তাহে এক পাউন্ড করে ওজন কমাতে চান, আপনাকে প্রতি সপ্তাহে প্রায় 3,500 ক্যালরি কমাতে হবে।</p> <p>একই সময়, আপনি এমন সব সামগ্রী বাছতে চাইবেন যাতে কম মাত্রায় <u>ফ্যাট</u> আছে।</p> <p>▶ জিজ্ঞাসা করুন: আপনি কেন এমন সামগ্রী বাছতে চাইবেন যাতে কম মাত্রায় ফ্যাট আছে?</p> <p>উত্তর: ফ্যাট-এ বেশী মাত্রায় ক্যালরি আছে। তাছাড়া, যেসব ফ্যাট ঘরের উষ্ণতায় কঠিন অবস্থায় থাকে সেগুলি আপনার হৃৎপিণ্ডের ক্ষতি করতে পারে।</p> <p>▶ বলুন: আপনি এমন সামগ্রীগুলিও বাছতে চাইবেন যাতে অল্প মাত্রায় <u>শর্করা</u> আছে।</p> <p>▶ জিজ্ঞাসা করুন: আপনি কেন এমন সামগ্রী বাছতে চাইবেন যাতে কম মাত্রায় শর্করা আছে?</p> <p>উত্তর: মিষ্টি খাবারে উচ্চ মাত্রায় ক্যালরি থাকতে পারে, যদিও তেল জাতীয় খাবারের মত অত উচ্চ মাত্রায় না। (1 টেবিল চামচ সাদা চিনিতে আছে 48 ক্যালরি। 1 টেবিল চামচ মাখনে আছে 102 ক্যালরি।) তাছাড়া, মিষ্টি খাবারগুলির জন্য আপনার রক্তে শর্করার পরিমাণ বেড়ে যায়।</p> <p>▶ বলুন: একই সময়, আপনি এমন সব সামগ্রী বাছতে চাইবেন যাতে <u>বেশী</u> মাত্রায় ফাইবার ও পানি/জল আছে।</p> <p>▶ জিজ্ঞাসা করুন: ফাইবার মানে কী কেউ বলতে পারবেন কী?</p> <p>উত্তর: এমন এক ধরনের কার্বোহাইড্রেট যেটা আপনার শরীরের মধ্যে দিয়ে হজম না হয়ে পার হয়ে যায়।</p>

কোচের জন্যে নোট	কি করে স্বাস্থ্যকরভাবে খাওয়া যায়
	<p>▶ জিজ্ঞাসা করুন: এবং আপনি কেন এমন সব সামগ্রী পছন্দ করতে চাইবেন যাতে উচ্চ মাত্রায় ফাইবার এবং পানি/জল থাকবে?</p> <p>উত্তর: এগুলি ক্যালরি না বাড়িয়ে আপনার খাদ্যের চাহিদা পূর্ণ করে দেয়।</p> <p>▶ বলুন: সর্বশেষে, আপনি এমন সামগ্রীগুলি বেছে নিতে চাইবেন যেগুলিতে উচ্চ মাত্রায় ভিটামিন, খনিজ লবণ, এবং প্রোটিন আছে।</p> <p>▶ জিজ্ঞাসা করুন: আপনি কেন এমন সামগ্রী বাছতে চাইবেন যাতে উচ্চ মাত্রায় ভিটামিন, খনিজ লবণ, এবং প্রোটিন আছে?</p> <p>উত্তর: সুস্থ থাকবার জন্য আপনার শরীরের এগুলি দরকার। আর আমাদের মধ্যে অনেকেই এগুলি যথেষ্ট মাত্রায় পাই না।</p> <p>▶ বলুন: এবার এটাকে উলটে দেওয়া যাক।</p> <p>▶ জিজ্ঞাসা করুন: টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করার জন্য, আপনি কোন জিনিসগুলি <u>সীমিত</u> করতে চাইবেন?</p> <p>উত্তর: সেসব সামগ্রী যেগুলিতে:</p> <ul style="list-style-type: none">■ ক্যালরির, ফ্যাট, চিনি <u>বেশী</u>■ ফাইবার ও পানি/জল <u>কম</u>■ ভিটামিন মিনারেল ও প্রোটিন <u>কম</u>

কোচের জন্যে নোট

কীভাবে স্বাস্থ্যকর খাদ্য প্রস্তুত করা যায় (10 মিনিটে)

► **বলুন:** এখন এইসব ধারণাকে প্রয়োগে আনা যাক। চলুন এবারে এই মডিউলের বিলিপত্রগুলোর প্রতি মনোযোগ দেওয়া যাক। অনুগ্রহ করে পৃষ্ঠা 3-এ থাকা “একটি স্বাস্থ্যকর খাবার” লেখাটি দেখুন।

এই ছবিতে একটা স্বাস্থ্যকর খাবার দেখানো হয়েছে। এটা আমেরিকান ডায়াবেটিস অ্যাসোসিয়েশনের নিজের ভোজন নিজেই তৈরি করুন ধারণার উপরে ভিত্তি করে তৈরি হয়েছে।

যেমন দেখছেন, আপনি চাইবেন:

- আপনার প্লেটের অর্ধেকটা হল স্টার্চবিহীন সবজি (যেমন ব্রকোলি, লেটুস, এবং গোলমরিচ)
- আপনার প্লেটের এক-চতুর্থাংশ শস্য এবং স্টার্চযুক্ত খাদ্য (যেমন আলু এবং ওটমিল)
- প্লেটের বাকি এক চতুর্থাংশ হল প্রোটিন জাতীয় খাবার (যেমন মুরগির মাংস, ফ্যাটহীন মাংস, এবং মাছ)

কোচের জন্যে নোট	কিভাবে এক স্বাস্থ্যকর খাদ্য তৈরি করা যায়
<p>অংশগ্রহণকারীরা নির্দেশিকা পাবার জন্য ছবিগুলিকে ব্যবহার করতে পারবেন। প্রত্যেক খাদ্য গোষ্ঠীকে কেবল একবারই ব্যবহার করা হয়।</p>	<p>এছাড়াও আপনি নিতে পারেন:</p> <ul style="list-style-type: none"> ■ অল্প পরিমাণে দুগ্ধজাত খাবার (যেমন 1 কাপ সর তুলে নেওয়া দুধ) ■ অল্প পরিমাণ ফল (যেমন একটা আপেল, অর্ধেকটা কলা, বা ½ কাপ জাম) ■ কোনো একটা পানীয় যাতে অল্প পরিমাণে ক্যালরি আছে বা আদৌ নেই (যেমন পানি/জল, ফেনা তোলা পানি/জল, বা চিনি ছাড়া কফি) <p>এগুলি প্লেটের পাশে দেখানো হয়েছে।</p> <p>↗ যা করবেন প্রয়োজন অনুসারে আলোচনা করুন।</p> <p>▶ বলুন: অনুগ্রহ করে পৃষ্ঠা 4-এ থাকা “আপনার প্লেট তৈরিকরুন” দেখুন। ছবিটাতে একসাথে লেবেল লাগান।</p> <p>↗ যা করবেন অংশগ্রহণকারীদেরকে প্রতিটা লাইনে কয়েকটা সঠিক খাদ্যের গোষ্ঠী লিখতে সাহায্য করুন।</p>

কোচের জন্যে নোট

বিভিন্ন স্টার্চবিহীন সবজিতে অল্প পরিমাণে ক্যালরি, ফ্যাট, এবং শর্করা থাকে। সেগুলিতে উচ্চ মাত্রায় ফাইবার থাকে। এদের মধ্যে কোনো কোনোটাতে প্রচুর পরিমাণে পানি/জল থাকে।

বিভিন্ন স্টার্চবিহীন সবজি যার মধ্যে আছে ব্রকলি, পালং শাক, এবং গোলমরিচ।

এই কাজটি ঐচ্ছিক।

খাদ্য গোষ্ঠীসমূহ (13 মিনিট)

► **বলুন:** এখন প্রত্যেক খাদ্য গোষ্ঠীর উপাদানগুলি নিয়ে আলোচনা করা যাক। অনুগ্রহ করে পৃষ্ঠা 5 থেকে 7-এ থাকা “বেছে নেওয়ার খাদ্য” লেখাটি দেখুন।

এবার শুরু করা যাক স্টার্চবিহীন সবজি দিয়ে। এগুলি “নিজের খাবার তৈরি করুন” এর ছবিগুলির অধিক এসবই দেখানো হয়েছে। সেটা হল সবচেয়ে বড়ো বিভাগ।

ঠান্ডায় জমিয়ে রাখা সবজি তাজা সবজির মতোই আপনার পক্ষে ভালো। কিন্তু কৌটোর খাবার যথা সম্ভব সীমিত করার চেষ্টা করুন, যেগুলিতে অল্প পরিমাণে ভিটামিন ও খনিজ লবণ আছে।

🗨️ **আলোচনা করুন:** কিছু স্টার্চবিহীন সবজির উদাহরণ কী হবে?

☀️ **কার্যকলাপ:** সবজি খেয়ে দেখুন

👉 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে এক ট্রে খাবার মতো টুকরো করা স্টার্চবিহীন সবজি দিন, সাথে একটা বোল দিন যাতে চিনি আর ফ্যাট আছে, যেমনটা সাধারণ ফ্যাটবিহীন ইয়োগার্ট, ভেষজ, এবং মশলা দিয়ে তৈরি করা হয়।

► **বলুন:** এখানে কিছু স্টার্চবিহীন সবজি দেওয়া আছে। এই বোলে অল্প মাত্রায় শর্করা ও ফ্যাট আছে।

🗨️ **আলোচনা করুন:** সবজি আর বোল খেতে কেমন স্বাদ লাগে? এগুলি কি আপনার খাদ্যের চাহিদা আদৌ পূর্ণ করে দিল?

কোচের জন্যে নোট

দানা জাতীয় খাদ্য এবং স্টার্চযুক্ত খাবারে বিভিন্ন মাত্রার ক্যালরি, ফ্যাট, শর্করা, এবং ফাইবার আছে। আর সেগুলির মধ্যে বেশীর ভাগেই অল্প পরিমাণে পানি/জল থাকে।

স্বাস্থ্যকর দানা জাতীয় খাদ্য এবং স্টার্চযুক্ত খাদ্যের মধ্যে আছে বিনস, বাদামি চাল, এবং যবের গুঁড়ো।

এই কাজটি ঐচ্ছিক।

খাবারের গ্রুপগুলি

▶ **বলুন:** এবার আসুন আমরা দানা জাতীয় এবং স্টার্চযুক্ত খাদ্য নিয়ে আলোচনা শুরু করি। “বেছে নেওয়ার খাদ্য” এর ছবিগুলির এক চতুর্থাংশে এসবই দেখানো হয়েছে।

চেষ্টা করুন যাতে আপনার শস্য জাতীয় খাবের অর্ধেক যেন গোটা শস্যের হয়। সেগুলিতে উচ্চতর মাত্রায় ভিটামিন, খনিজ লবণ, এবং ফাইবার থাকে।

তাই গোটা দানা জাতীয় খাদ্য বাছুন। এছাড়াও এমন দানা জাতীয় খাবার বাছুন যাতে অল্প মাত্রায় ফ্যাট এবং শর্করা থাকে।

🗨️ **আলোচনা করুন:** কিছু স্বাস্থ্যকর দানা জাতীয় এবং স্টার্চযুক্ত খাবারের উদাহরণ কী?

🌟 **কার্যকলাপ:** দানা জাতীয় খাদ্য খেয়ে দেখুন

👉 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে এক ট্রে বেক করা অল্প লবণযুক্ত ভুট্টার চিড়ে আর সালসা খেতে দিন।

▶ **বলুন:** এই চিপগুলিকে বেক করা হয়েছে, যাতে এতে অল্প পরিমাণে ফ্যাট থাকে।

🗨️ **আলোচনা করুন:** চিড়ে আর সালসা খেতে কেমন লাগল? এগুলি কি আপনার খাদ্যের চাহিদা আদৌ পূর্ণ করে দিল?

কোচের জন্যে নোট

প্রোটিন জাতীয় খাদ্যগুলিতে উচ্চ মাত্রায় প্রোটিন আছে। এগুলির ক্যালরির মাত্রা বিভিন্ন রকমের হয়। এবং এগুলিতে শর্করার মাত্রা অল্প। তবে এগুলিতে ফাইবার এবং পানি/জল অল্প মাত্রায় আছে।

স্বাস্থ্যকর প্রোটিন জাতীয় খাবারের মধ্যে আছে চামড়া ছাড়ানো মুরগি, ফ্যাটহীন মাংস, এবং মাছ।

দুগ্ধ জাতীয় খাবারগুলিতে বিভিন্ন মাত্রায় ক্যালরি এবং পানি/জল থাকে। এগুলি আপনাকে ভিটামিন, খনিজ লবণ, এবং প্রোটিন দেয়। কিন্তু এগুলিতে ফাইবারের পরিমাণ অল্প।

স্বাস্থ্যকর দুগ্ধ জাতীয় খাবারের মধ্যে আছে 1 কাপ সর তুলে নেওয়া দুধ বা 6 আউন্স সাধারণ ফ্যাটবিহীন ইয়োগার্ট।

খাবারের গ্রুপগুলি

► **বলুন:** এবার শুরু করা যাক প্রোটিন জাতীয় খাবারের বিষয়ে। ‘নিজের খাবার তৈরি করুন’ এর ছবিগুলির এক চতুর্থাংশে এসবই দেখানো হয়েছে।

এমন কোনো মাংস পছন্দ করুন যেন তাতে ফ্যাটের পরিমাণ অল্প থাকে। আপনি ডিমের কুসুম কতটা পরিমাণে থাকবে সেটাকেও সীমিত করতে চাইতে পারেন—এগুলিতেই সবচেয়ে বেশী পরিমাণে ফ্যাট থাকে। সুতরাং ডিমের সাদা অংশ অপেক্ষাকৃত ভালো পছন্দ।

🗨️ **আলোচনা করুন:** কিছু স্বাস্থ্যকর প্রোটিন জাতীয় খাদ্যের উদাহরণ কী?

► **বলুন:** এবার শুরু করা যাক দুগ্ধ জাতীয় খাবারের বিষয়ে। আপনি অল্প মাত্রায় দুগ্ধ জাতীয় খাবার খাওয়ার সময় খেতে পারেন। এমন ধরনের দুগ্ধ জাতীয় খাদ্য নির্বাচন করুন যেটাতে শর্করা এবং ফ্যাটের পরিমাণ কম।

🗨️ **আলোচনা করুন:** কিছু স্বাস্থ্যকর দুগ্ধ জাতীয় খাদ্যের বিকল্পগুলি কী?

কোচের জন্যে নোট

ফল বেশ অল্প ক্যালরিয়ুক্ত খাদ্য। এটা আপনাকে ভিটামিন এবং খনিজ লবণ দেয়। এতে প্রচুর পরিমাণে ফাইবার এবং পানি/জল আছে। কিন্তু এতে সবজির তুলনায় বেশী শর্করা থাকে।

স্বাস্থ্যকর ফল জাতীয় খাদ্যের বিকল্প হল একটা আপেল, অর্ধেক কলা, বা ½ কাপ জাম।

.....
এই কাজটি ঐচ্ছিক।

.....
পানীয়গুলিতে পানির/জলের মাত্রা বেশী থাকে। এগুলিতে বিভিন্ন মাত্রায় ক্যালরি, প্রোটিন, ভিটামিন, খনিজ লবণ, এবং শর্করা থাকে। এগুলিতে বেশীরভাগ ক্ষেত্রে অল্প ফাইবার থাকে।

খাবারের গ্রুপগুলি

▶ **বলুন:** এবার আলোচনা শুরু করা যাক ফল নিয়ে। আপনি অল্প মাত্রায় ফল জাতীয় খাদ্য খাবার সময় খেতে পারেন।

আপনার পক্ষে ঠান্ডায় জমানো ফল তাজা ফলের মতোই ভালো। কিন্তু কৌটোর মিষ্টি ফল, শুকনো ফল, এবং ফলের রস খাওয়া সীমিত করার চেষ্টা করুন। এগুলিতে উচ্চ মাত্রায় শর্করা থাকে। তাছাড়া, ফলের রসে খুব অল্প ফাইবার থাকে, তাই এটা আপনার খাদ্যের চাহিদা তেমন ভাবে মেটায় না যেমন গোটা ফল করতে পারে।

🗨️ **আলোচনা করুন:** কিছু স্বাস্থ্যকর ফলের জাতীয় খাদ্যের বিকল্পগুলি কী?

.....
✳️ **কার্যকলাপ:** ফল খেয়ে দেখুন

👉 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে এক ট্রে এক কামড়ে খাবার মতো টুকরো করা ফল দিন সাথে একটা ঝোল দিন যাতে অল্প চিনি আর ফ্যাট আছে, যেমনটা সাধারণ ফ্যাটবিহীন ইয়োগার্ট।

▶ **বলুন:** এই ঝোলে অল্প মাত্রায় শর্করা ও ফ্যাট আছে।

🗨️ **আলোচনা করুন:** ঝোলসহ ফল খেতে কেমন স্বাদ লাগল? এগুলি কি আপনার খাদ্যের চাহিদা আদৌ পূর্ণ করে দিল?

.....

▶ **বলুন:** এবার শুরু করা যাক পানীয় সংক্রান্ত আলোচনায়। আপনি খাবার সময় এমন কোনো পানীয় খেতে পারেন যেটাতে অল্প ক্যালরি আছে বা ক্যালরিবিহীন। এমন ধরনের পানীয়ের বিকল্প বাছুন যাতে অল্প মাত্রায় ফ্যাট ও শর্করা আছে।

কোচের জন্যে নোট

স্বাস্থ্যকর পানীয়গুলির মধ্যে আছে পানি/জল, ফেনা তোলা পানি/জল, এবং চিনি ছাড়া কফি।

মিষ্টি এবং ফ্যাট জাতীয় খাবারে উচ্চ মাত্রায় ক্যালরি আছে। এদের বেশীরভাগেই অল্প মাত্রায় ভিটামিন, খনিজ লবণ, এবং প্রোটিন আছে। এবং প্রায়ই এতে অল্প মাত্রায় ফাইবার থাকে। তাছাড়া, মিষ্টি খাবারে উচ্চ মাত্রায় শর্করা থাকে।

মিষ্টি খাদ্যগুলির মধ্যে আছে ক্যান্ডি, কুকিস, এবং চিনি।

ফ্যাট জাতীয় খাদ্যের অন্তর্ভুক্ত হল শুকরের ফ্যাট, শুকনো শুকরের মাংস, এবং ফ্যাট-ভরতি চিজ।

এই কাজটি ঐচ্ছিক। যদি আপনি চান, তাহলে অংশগ্রহণকারীদের লিঙ্কটি দিন যাতে তাঁরা ভিডিওটি ঘরেই দেখতে পারেন। পরের দিকের একটা সেশনে কীভাবে কেনাকাটা করতে হবে এবং স্বাস্থ্যকর খাবার তৈরি করা যাবে সে বিষয়ে আলোচনা করা হবে।

খাবারের গ্রুপগুলি

আলোচনা করুন: কিছু স্বাস্থ্যকর পানীয়ের উদাহরণ কী?

বলুন: আসুন এখন আমরা পৃষ্ঠা ৪-এ থাকা “সীমিত করার খাদ্য” দেখি। মিষ্টি আর ফ্যাটযুক্ত খাবার আপনার পক্ষে খারাপ, তাই সেগুলি বেশী পরিমাণে খাবেন না।

আলোচনা করুন: কিছু মিষ্টি খাবারের উদাহরণ কী? আর কিছু ফ্যাট জাতীয় খাবারের উদাহরণ কী?

কার্যকলাপ: ভিডিও

যা করবেন একটা 2½-মিনিটের ভিডিও “Healthy Can Be Tasty (স্বাস্থ্যকর খাবার সুস্বাদু হতে পারে)” দেখান।

আলোচনা করুন: আপনার পছন্দসই কিছু স্বাস্থ্যকর খাবারের উদাহরণ কী?

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** অনুগ্রহ করে আপনার কর্ম পরিকল্পনার জার্নাল দেখুন। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

এছাড়াও মাথায় রাখুন যে আজকে ভালো খাদ্য বিষয়ে আমরা কী কী আলোচনা করেছি।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

📌 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট

সারাংশ ও সমাপ্তি (10 মিনিট)

এই আলোচনাটা ঐচ্ছিক।



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- আপনার প্লেট তৈরি করুন
- কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন
- কর্ম পরিকল্পনা

► **বলুন:** অনুগ্রহ করে পৃষ্ঠা 4-এ থাকা “আপনার প্লেট তৈরি করুন” দেখুন, যেটা আমরা এর আগেই চিহ্নিত করেছি। আমি চাই যেন আপনারা এটা বাসাতে গিয়ে শেষ করেন। আপনি যে সামগ্রীগুলি পছন্দ করেন সেগুলিকে তালিকাভুক্ত করে একটা স্বাস্থ্যকর খাবার তৈরি করুন। আপনি ধারণা পাবার জন্য পৃষ্ঠা 5 থেকে 7-এ থাকা “বেছে নেওয়ার খাদ্য” লেখাটা ব্যবহার করতে পারেন।

ভালো খাদ্য খাওয়া চ্যালেঞ্জিং কাজ হতে পারে। অনুগ্রহ করে পৃষ্ঠা 9 থেকে 10-এ থাকা “কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন” লেখাটা পড়ুন। এখানে কিছু সাধারণ চ্যালেঞ্জের উদাহরণ দেখানো আছে এবং সেগুলিকে কীভাবে মোকাবিলা করতে হয় তার উপায় দেওয়া আছে। “কাটিয়ে ওঠার অন্যান্য উপায়” কলামে আপনার নিজের আইডিয়া লিখুন। আপনি যেসব আইডিয়া চেষ্টা করেছেন সেগুলিতে টিক দিন।

► **আলোচনা করুন:** ভালো খাদ্যের ব্যাপারে আপনার কাছে কোনটা চ্যালেঞ্জিং মনে হয়েছে?

► **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজকে, আমরা আলোচনা করেছি যে কীভাবে ভালো খেলে সেটা আপনাকে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে। আমরা কথা বললাম:

- কি করে স্বাস্থ্যকরভাবে খাওয়া যায়
- কিভাবে এক স্বাস্থ্যকর খাদ্য তৈরি করা যায়
- প্রতিটি খাদ্যের গ্রুপের বস্তুগুলি

► **আলোচনা করুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

► **বলুন:** পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলতুবি করা হলো।



লাইফস্টাইল কোর্সের প্রশিক্ষণ নির্দেশিকা

আপনার খাবারে নজর রাখুন

আপনার খাবারে নজর রাখুন

সেশনের মূল বিষয়গুলি

নজরদারি, বা আত্ম-সংযম রাখলে, সেটা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করে। এই মডিউলে বিস্তারিত নির্দেশিকা দেওয়া হয়েছে যে কীভাবে খাদ্যের উপরে নজর রাখতে হবে।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো করতে পারবে:

- ▶ তাদের খাদ্যের উপরে নজরদারি করার উদ্দেশ্যসমূহ চিহ্নিত করতে পারবে
- ▶ খাদ্যের উপরে কীভাবে ট্র্যাকিং করা যাবে সেটা ব্যাখ্যা করতে পারবে
- ▶ পুষ্টি বিষয়ক তথ্যের লেবেলগুলি কীভাবে ব্যবহার করতে হবে সেটা ব্যাখ্যা করতে পারবে

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:

- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রত্যেক অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, প্রয়োজনমত
- খালি ফুড লগ, প্রয়োজনমত
- খালি কর্ম পরিকল্পনা, প্রয়োজনমত
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, প্রয়োজনমত
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)

- হাতঘড়ি বা ঘড়ি
- কলম
- শুকনো এবং তরল পরিমাপের কাপসমূহ
- পরিমাপের চামচসমূহ
- রান্নাঘরের স্কেল এবং পাত্র
- চিনাবাদামের মাখন
- খাদ্যশস্যের বাস্তু
- ফলের রসের বোতল




ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- পিং-পং বল
- ছক্কা
- তাসের কার্ডের ডেক
- গলফ বল
- টেনিস বল
- বেসবল
- কম্পিউটারের মাউস
- CD
- পুষ্টি সংক্রান্ত তথ্যের লেবেলসমূহ

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায়ই 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা পৃষ্ঠা 6 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7..... 2 মিনিট
- ট্র্যাকিং করার উদ্দেশ্য পৃষ্ঠা 7..... 10 মিনিট
- কিভাবে আপনার খাবার ট্র্যাক করবেন পৃষ্ঠা 9..... 13 মিনিট
- আপনার খাদ্যের উপরে কীভাবে
নজরদারী করবেন..... পৃষ্ঠা 12 10 মিনিট
- সাক্ষ্যের পরিকল্পনা পৃষ্ঠা 13 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 14..... 10 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

▶ **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজকে, টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ বা বিলম্বিত করার জন্য আমরা খাদ্যের উপরে ড্র্যাংকিং করার বিষয়ে আলোচনা করতে চলেছি।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

👉 **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

🗨️ **আলোচনা করুন:** আমাদের বিগত অধিবেশন নিয়ে আপনাদের কী কী প্রশ্ন আছে?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

কোচের জন্যে নোট	উদ্দেশ্য (2 মিনিট)
	<p>▶ বলুন: প্রতিদিন নিজের খাদ্যের উপরে নজরদারী করতে পারলে সেটা আপনাকে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে। আজ আমরা, এই নিয়ে আলোচনা করব:</p> <ul style="list-style-type: none">■ ট্র্যাকিং করার উদ্দেশ্য■ কিভাবে আপনার খাবার ট্র্যাক করবেন■ আপনার খাদ্যের লেবেলগুলির অর্থ কীভাবে বুঝবেন <p>আপনিও আপনার খাবার ট্র্যাকিং করার একটা সুযোগ পাবেন। অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
	এই ট্র্যাকিং করার উদ্দেশ্য (10 মিনিট)
	<p>▶ বলুন: আমরা এবার ট্র্যাকিং করার উদ্দেশ্য নিয়ে আলোচনা করা শুরু করব। আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 3 ও 4 উল্টে “স্যাল্লির কাহিনী” দেখুন।</p> <p>↗ যা করবেন গল্পটার প্রথম অনুচ্ছেদটি পড়ুন (বা কাউকে দিয়ে পড়িয়ে শুনুন)। তারপর স্যালি যা পেয়েছে বলে ভাবছে আর স্যালি <u>সত্যিই</u> যা পেয়েছে তার মধ্যে যে পার্থক্য আছে সেটা নিয়ে আলোচনা করুন।</p> <p>▶ জিজ্ঞাসা করুন: স্যালি সেদিন কত ক্যালরি খেয়েছে বলে সে <u>মনে</u> করছে?</p> <p>উত্তর: 1,325 ক্যালরি</p>

কোচের জন্যে নোট



$$2,295 - 1,325 = 970$$

ট্র্যাকিং করার উদ্দেশ্য

- ▶ **জিজ্ঞাসা করুন:** ক্যালরি মানে কী?

উত্তর: এক ধরনের শক্তির পরিমাপ। এগুলি আমরা যা খাই বা পান করি তার থেকে পাই।

- ▶ **জিজ্ঞাসা করুন:** স্যালি সেই দিন আসলে কত ক্যালরি খেয়েছিল?

উত্তর: 2,295 ক্যালরি

- ▶ **জিজ্ঞাসা করুন:** সে নিজে কত ক্যালরি খেয়েছে বলে মনে করছে আর সে আসলে যতটা খেয়েছে তার মধ্যে কতটা পার্থক্য আছে?

উত্তর: 970 ক্যালরি

- ▶ **জিজ্ঞাসা করুন:** সুতরাং আপনি কেন মনে করছেন যে তার কোনো মাত্রায় ওজন কমেনি?

উত্তর: স্যালি এটার উপরে নজরদারী করেনি যে সে সঠিক ভাবে কী, কখন, বা কতটা, খেয়েছে বা পান করেছে। ফলত, সে যতটা মনে করছে সে তার চেয়ে বেশী ক্যালরি খেয়েছে।

- ▶ **জিজ্ঞাসা করুন:** তাহলে আপনার খাদ্যের উপরে প্রতিদিন ট্র্যাকিং করার উদ্দেশ্য কী?

উত্তর: এটা আপনাকে আপনার ছয়-মাসের ওজনের যে লক্ষ্যে সেখানে পৌঁছাতে সাহায্য করবে।

- ▶ **বলুন:** আর, অবশ্যই, ওজন কমাতে পারলে সেটা আপনার টাইপ 2 ডায়াবেটিস হবার ঝুঁকি কমাতে সাহায্য করে।

কোচের জন্যে নোট

রাশ্মাঘরের স্কেলটি কোনো সামগ্রীর ওজন মাপার জন্য ব্যবহৃত হয়। অন্যান্য সরঞ্জামগুলি ব্যবহার করা হয় কোনো সামগ্রীকে তার আয়তন দিয়ে মাপার জন্য—এটা কতটা স্থান অধিকার করছে।

কিভাবে আপনার খাবার ট্র্যাক করবেন (13 মিনিট)

► **বলুন:** আমরা আলোচনা করেছি কেন প্রতিদিন আপনার খাদ্যের উপরে ট্র্যাকিং করাটা গুরুত্বপূর্ণ। এখন আমরা সবাই আলোচনা করব যে কীভাবে এটা করতে হয়।

আসুন আলোচনা করি যে কীভাবে ট্র্যাকিং করা যায় যে আপনি কী খেয়েছেন, আর সেটা কখন খেয়েছেন। অনুগ্রহ করে আপনার খাদ্যের লগ দেখুন।

➤ **যা করবেন** সংক্ষেপে ফুড লগ পর্যালোচনা করুন। একজনকে স্বেচ্ছায় অভিজ্ঞতা ভাগ করে নিতে বলুন যে তারা কী খেয়েছে (খাদ্য সামগ্রী), এবং সেটা কখন খেয়েছে (সময়)। এই সব তথ্য কীভাবে ফুড লগ-এ লিখতে হয় সেটা ব্যাখ্যা করুন। প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

► **বলুন:** আমরা ট্র্যাকিং করার বিষয়ে আলোচনা করেছি যে কী খেয়েছেন, এবং সেটা কখন খেয়েছেন। এবার আসুন আলোচনা করি যে আপনি কতটা খেয়েছেন সেটার উপর কীভাবে ট্র্যাকিং করা যায়।

✳ **কার্যকলাপ:** খাদ্য পরিমাপ করা

➤ **যা করবেন** শুকনো এবং তরল পরিমাপের কাপগুলি, পরিমাপের চামচগুলি, এবং একটা রাশ্মাঘরের স্কেল অপরকে বাড়িয়ে দিন। অংশগ্রহণকারীদের বলে দিন যে প্রত্যেক সামগ্রীকে কী বলা হয়।

► **বলুন:** এখানে এমন কিছু সামগ্রী আছে যা ব্যবহার করে আপনি বের করতে পারবেন যে আপনি কতটা পরিমাণ খেয়েছেন।

একবার পরিবেশনে পরিমাপ করা অভ্যাস করা যাক। একবার পরিবেশন করার পরিমাপ টেবিল চামচের ভিত্তিতে দেওয়া যেতে পারে। উদাহরণ স্বরূপ, এই চিনাবাদামের মাখন একবার পরিবেশন করার মানে হল 2 টেবিল চামচ পরিমাণ।

➤ **যা করবেন** চিনাবাদামের মাখনের একটা জার তুলে ধরুন।

► **বলুন:** আপনার কাছে যদি টেবিল চামচটা থাকে তাহলে অনুগ্রহ করে এগিয়ে আসুন আর 2 টেবিল চামচ চিনাবাদামের মাখন মাপুন।

কোচের জন্যে নোট

দানাশস্য ওজন করতে হলে, অংশগ্রহণকারীরা নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করবেন:

1. পাত্রটি স্কেলের উপরে রাখুন।
2. পাত্রের ওজন বাতিল করার জন্য “পাসান” বা “tare” বোতাম টিপুন।
3. দানাশস্যটা পাত্রটিতে ঢালুন।

কিভাবে আপনার খাবার ট্র্যাক করবেন

📌 **যা করবেন** প্রয়োজন মতো সাহায্য করুন। কী করতে হবে সেটা বলতে থাকুন। এটা নিশ্চিত করুন যেন পরিমাপ নিখুঁত হয়।

নিম্নলিখিত ক্ষেত্রেও এই ধাপগুলির পুনরাবৃত্তি করুন:

- ½ কাপ সিরিয়াল
- 8 আউন্স ফলের রস
- 27 গ্রাম দানাশস্য

▶ **বলুন:** আপনি খুব ভালো ভাবে পরিমাপ করেছেন! সবচেয়ে নিখুঁত ভাবে পরিমাপ করার উপায় হল এইসব সামগ্রীগুলি ব্যবহার করা। কিন্তু আপনি এগুলি ব্যবহার করার মতো সময় সর্বদা নাও পেতে পারেন। তাই চোখের মাপে পরিবেশন করার পরিমাপও শিখে নেওয়া ভালো।

📌 **যা করবেন** অংশগ্রহণকারীদের বিলিপত্রে থাকা “প্রতিদিনের জিনিস ও পরিবেশনের পরিমাণ” (পৃষ্ঠা 6) এবং “হাত এবং পরিবেশনের মাপ” (পৃষ্ঠা 7) পড়তে সুপারিশ করুন। অথবা একই সাথে সেগুলির দিকে দেখুন। যদি চান, বিলিপত্রটিতে তালিকাবদ্ধ করা উদ্দেশ্যগুলি উপস্থিত করুন। অংশগ্রহণকারীদেরকে হাতের মাপে তাদের এক বার পরিবেশনের পরিমাণ কতটা সেটা জানার অভ্যাস করতে সাহায্য করুন।

কোচের জন্যে নোট

আপনার খাদ্যাভ্যাস লিপিবদ্ধ করার উপায়গুলি নিম্নরূপ:

- স্পাইরাল নোটবই
- স্প্রেডশীট
- স্মার্ট ফোনের অ্যাপস
- কম্পিউটার অ্যাপ
- কন্ট্রোল রেকর্ডিং করা
- আপনার খাবারের ছবি

কিভাবে আপনার খাবার ট্র্যাক করবেন

▶ **বলুন:** একবার আপনি যদি জানতে পারেন যে আপনি কতটা খান, তাহলে আপনি সেটা লিপিবদ্ধ করে রাখতে পারবেন। অনুগ্রহ করে আবার আপনার খাদ্যের লগ দেখুন।

▶ **যা করবেন** লগের মধ্যে কীভাবে লিখতে হবে সেটা ব্যাখ্যা করুন যে আপনি কতটা (পরিমাণ) খাদ্য খান। তারা এই পরিমাণ আয়তন, ওজন, বা টুকরোর সংখ্যা (যেমন একটা মাঝারি আকারের আপেল) হিসাবে লিপিবদ্ধ করতে পারেন।

▶ **আলোচনা করুন:** আপনার লগ ছাড়া, আরও কয়েকটা উপায় যেভাবে লিপিবদ্ধ করা যাবে যে আপনি কতটা খাচ্ছেন?

▶ **বলুন:** যদিও, শেষ পর্যন্ত, আপনি এইসব বিস্তারিত তথ্য আপনার ফুড লগ-এ লিখতে চাইবেন।

কোচের জন্যে নোট

শতকরা দৈনিক মূল্যসমূহ থেকে জানা যায় যে আপনার দৈনিক পুষ্টির চাহিদার কতটা একবার পরিবেশন করতে পাওয়া যায়। এগুলি প্রতিদিন 2,000 ক্যালরি খাদ্যের ভিত্তিতে তৈরি করা হয়েছে। আপনি যদি দৈনিক 2,000 ক্যালরির চেয়ে বেশী বা কম খান, তাহলে আপনার শতকরা দৈনিক মূল্যসমূহ আলাদা হবে।

পুষ্টি সংক্রান্ত তথ্য কী উপায়ে নির্ণীত হয় সেগুলি হল:

- কম্পিউটার অ্যাপ
- স্মার্ট ফোনের অ্যাপস
- ওয়েবসাইট

.....
এই কাজটি ঐচ্ছিক।

.....

ফুড লেবেলের অর্থ বুঝুন (10 মিনিট)

▶ **বলুন:** এখন আপনি যেহেতু কীভাবে একবারে পরিবেশন করলে তার পরিমাণ কতটা জেনে গেছেন, তাই আপনি এই সম্পর্কে সমস্ত রকমের কার্যকর তথ্য নির্ণয় করতে পারবেন। অনুগ্রহ করে “ফুড লেবেলের অর্থ বুঝুন” লেখাটি দেখুন পৃষ্ঠা ৪ থেকে 10 -এ।

↗ **যা করবেন** বিলিপত্রটির সংক্ষিপ্ত পর্যালোচনা করুন। পরিবেশনের পরিমাণের বিভাগের দিকে বিশেষ মনোযোগ দিন।

▶ **বলুন:** তাহলে দেখতে পাচ্ছেন যে খাদ্যের লেবেলগুলি কেন এত কার্যকর।

🗨 **আলোচনা করুন:** লেবেলগুলি পড়া ছাড়াও, আপনি কীভাবে নির্ণয় করবেন যে আপনার খাদ্যের পুষ্টি তথ্যগুলি কী?

.....
☀ **কার্যকলাপ:** খাদ্য লেবেলগুলি পড়া

▶ **বলুন:** আসুন আমরা আরও কিছু খাদ্য লেবেলগুলি পড়া অভ্যাস করি।

↗ **যা করবেন** অংশগ্রহণকারীদের ভেঙ্গে নিন ছোট ছোট দলে। আপনি যেসব লেবেল নিয়ে এসেছেন সেগুলির পুষ্টি তথ্যগুলির লেবেলগুলি পড়ে অভ্যাস করতে দিন। প্রয়োজন মতো সাহায্য করুন।

.....

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** অনুগ্রহ করে আপনার কর্ম পরিকল্পনার জার্নাল দেখুন। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

এটাও মাথায় রাখুন যে আমরা আজকে আপনার খাদ্যের উপরে ট্র্যাকিং করার বিষয়ে আলোচনা করেছি।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

👉 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- খাবারের লগ
- কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন
- কর্ম পরিকল্পনা

এই আলোচনা ঐচ্ছিক।

সারাংশ ও সমাপ্তি (10 মিনিট)

► **বলুন:** অনুগ্রহ করে আবার আপনার খাদ্যের লগ দেখুন। আমি আপনি কী এবং কখন খান তা জানতে ট্র্যাকিং শুরু করতে চাইব। একবার অভ্যাস হয়ে গেলে, আপনি নজরদারী করতে অভ্যস্ত হয়ে যাবে যে আপনি কতটা খান। আমরা ক্যালরি সম্পর্কে ট্র্যাকিং শুরু করব পরবর্তী সেশনে।

আমাকে আপনার ফুড লগ দেখানোর দরকার নেই। কিন্তু আমি প্রবলভাবে সুপারিশ করব যেন আপনি প্রত্যেক দিন নজরদারী করেন। এটা আপনাকে আপনার ওজনের লক্ষ্যমাত্রা অর্জনে পৌঁছাতে সাহায্য করবে এবং আপনার টাইপ 2 ডায়াবেটিস হবার ঝুঁকি কমিয়ে দেবে। কী কী উপায়ে ট্র্যাকিং যায় তা স্বরণ করিয়ে দেবার জন্য, পৃষ্ঠা 5-এ থাকা “কিভাবে আপনার খাবার ট্র্যাক করবেন” লেখাটা দেখুন।

↕ **যা করবেন** প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

► **বলুন:** আপনার খাদ্যের উপরে ট্র্যাকিং করা এক চ্যালেঞ্জ হয়ে উঠতে পারে। অনুগ্রহ করে পৃষ্ঠা 11-এ থাকা “কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন” লেখাটা পড়ুন। এখানে কিছু সাধারণ চ্যালেঞ্জের উদাহরণ দেখানো আছে এবং সেগুলিকে কীভাবে মোকাবিলা করতে হয় তার উপায় দেওয়া আছে। “কাটিয়ে ওঠার অন্যান্য উপায়” কলামে আপনার নিজের আইডিয়া লিখুন। আপনি যেসব আইডিয়া চেষ্টা করেছেন সেগুলিতে টিক দিন।

🗨 **আলোচনা করুন:** আপনার খাদ্যের উপরে ট্র্যাকিং করাটা কী কারণে চ্যালেঞ্জিং হয়ে উঠতে পারে?

কোচের জন্যে নোট

সারাংশ ও সমাপ্তি

► **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজ আমরা আলোচনা করেছি যে কীভাবে প্রতিদিন নিজের খাদ্যের উপরে নজরদারী করতে পারলে সেটা আপনাকে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে।

আমরা কথা বললাম:

- ট্র্যাকিং করার উদ্দেশ্য
- কীভাবে আপনার খাবার ট্র্যাক করবেন
- আপনার খাদ্যের লেবেলগুলির অর্থ কীভাবে বুঝবেন

আপনিও আপনার খাবার ট্র্যাকিং করার একটা সুযোগ পাবেন।

🗨️ **আলোচনা করুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

► **বলুন:** পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলতুবি করা হলো।

PREVENT T2

A PROVEN PROGRAM TO PREVENT OR DELAY TYPE 2 DIABETES



লাইফস্টাইল কোচের প্রশিক্ষণ নির্দেশিকা

আরো বেশি সক্রিয় হয়ে উঠুন

আরো বেশি সক্রিয় হয়ে উঠুন

সেশনের মূল বিষয়গুলি

শারীরিকভাবে আরো বেশি তৎপর থাকা আপনাকে টাইপ 2 ডায়াবেটিস রোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে। এই মডিউলটি অংশগ্রহণকারীদের শেখায় কিভাবে তাদের সক্রিয়তার স্তর বর্ধিত করা যায়।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা করতে পারবে:

- ▶ আরো বেশি সক্রিয় হওয়ার উদ্দেশ্য সনাক্ত করা
- ▶ আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায় চিহ্নিত করা।
- ▶ তাদের ফিটনেস উপরে কীভাবে আরো বিশদ ট্র্যাকিং করা যাবে সেটা ব্যাখ্যা করুন

উপকরণের তালিকা

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীদের সহায়িকাসমূহ (আপনার এবং প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য একটা করে কপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন
- রেসিসট্যান্স ব্যাল্ডস (প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য একটি)**

ঐচ্ছিক:

- স্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- কিভাবে কর্মকাণ্ড ট্রাক বা চিহ্নিত করা যায় তার উদাহরণসমূহ**

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায়ই 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা পৃষ্ঠা 6 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7..... 2 মিনিট
- আরো সক্রিয় উদ্দেশ্য পৃষ্ঠা 7..... 5 মিনিট
- আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায় পৃষ্ঠা 8..... 21 মিনিট
- আপনার সুস্থতা সম্বন্ধীয় বিশদ ট্র্যাক করুন পৃষ্ঠা 11..... 12 মিনিট
- সাফল্যের পরিকল্পনা পৃষ্ঠা 13..... 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 14..... 5 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

▶ **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজকে আমরা কথা বলব কি করে আরো শারীরিকভাবে তৎপর হওয়া যায় তা সম্বন্ধে।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

📌 **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

🗨️ **আলোচনা করুন:** আগে আমরা যা নিয়ে আলোচনা করেছিলাম সেই নিয়ে কারো কি কোনো প্রশ্ন আছে?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

<p>কোচের জন্যে নোট</p>	<p>উদ্দেশ্য (2 মিনিট)</p>
	<p>► বলুন: সক্রিয় হবার জন্য আপনি দারুন কাজ করছেন। আজকে আমরা কথা বলব কি করে আরো বেশি শারীরিকভাবে তৎপর হওয়া যায় তা সম্বন্ধে। আরো শারীরিকভাবে তৎপর থাকা আপনাকে টাইপ 2 ডায়াবেটিস রোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে। আজ আমরা, এই নিয়ে আলোচনা করব:</p> <ul style="list-style-type: none"> ■ আরো সক্রিয় উদ্দেশ্য হলো ■ আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায় হলো ■ আপনার সুস্থতার বিশদ ট্র্যাক করবেন কিভাবে <p>আপনি চলাফেরা করার সুযোগও পাবেন। আপনি আপনার সুস্থতার বিশদ ট্র্যাক করার চেষ্টা করবেন। অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
	<p>আরো সক্রিয় উদ্দেশ্য (5 মিনিট)</p>
	<p>► বলুন: আরো সক্রিয় উদ্দেশ্য হলো আপনাকে সুযোগ করে দেওয়া যাতে আপনি আপনার সুস্থতার লক্ষ্যে পৌঁছতে পারেন এই কর্মসূচির জন্য।</p> <p>এই কর্মসূচিতে আপনার লক্ষ্য হলো অন্তত 150 মিনিটের ক্রিয়াকলাপে জড়িত থাকা প্রতি সপ্তাহে। আপনার গতি অন্তত মাঝারি মাপের হওয়া উচিত।</p> <p>আপনি যদি দেখেন যে আপনি সক্রিয় আছেন মধ্যম গতিতে, তাহলে আপনি কথা বলার পরীক্ষা দিতে পারেন।</p>

<p>কোচের জন্যে নোট</p>	<p>আরো সক্রিয় হবার উদ্দেশ্য হলো</p>
	<p>► জিজ্ঞাসা করুন: কথা বলার পরীক্ষা কী?</p> <p>উত্তর: এর অর্থ হলো আপনি কথা বলতে পারেন, কিন্তু গান গাইতে পারবেন না, আপনার কার্যকলাপের সময়।</p> <p>► বলুন: কিন্তু ব্যাপার হলো এই: সময়ের সাথে, আপনার হাট এবং ফুসফুস আগের চেয়ে ভালো অবস্থায় চলে আসে। তাই আপনার নিশ্বাসের উপর একই প্রভাব পাবার জন্য, আপনাকে প্রতি সপ্তাহে আরেকটু বেশি করে সক্রিয় হতে হবে।</p> <p>► যা করবেন প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।</p>
	<p>আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায় (21 মিনিট)</p>
	<p>► বলুন: আমরা আরো সক্রিয় হবার উদ্দেশ্য আলোচনা করেছি। আমরা আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায় নিয়ে এবার কথা বলব। আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে “ওলগার কাহিনী” তে যান এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 3 এ।</p> <p>► যা করবেন গল্পটার প্রথম অনুচ্ছেদটি পড়ুন (বা কাউকে দিয়ে পড়িয়ে শুনুন)।</p> <p>► জিজ্ঞাসা করুন: ওলগা কি করে তার হাঁটাগুলি আরো সক্রিয় করে সপ্তাহ 1 থেকে সপ্তাহ 3 এ?</p> <p>উত্তর: ওলগা হাঁটে আরো বেশি, আরো দ্রুত, এবং আরো খাড়া পাহাড়ে।</p>

কোচের জন্যে নোট

তার হাঁটা আরো বেশি সক্রিয় করে তলার জন্য ওলগা পারে:

- 1 পাউন্ডের ক্যান বহন করতে
- একটি স্ট্রলার ঠেলতে
- 1 পাউন্ড গোড়ালি বা হাতের ওজন ব্যবহার করতে

আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায়

আলোচনা করুন: তার হাঁটা আরো বেশি সক্রিয় করে তলার জন্য ওলগা আর অন্য কি করতে পারে?

▶ **বলুন:** সপ্তাহ 4 এ, ওলগা তার পেশী গঠন করাও শুরু করতে পারে। সে জানে পেশী ক্যালরি পোড়ায়, এমনকি বিশ্রামে থাকার সময়ও। তাই যত পেশী আপনি গঠন করবেন, তত ভালো।

সেই সপ্তাহে 2 দিন, ওলগা 3 সেট করে 5টি পুনরাবৃত্তির, একটি রেসিসট্যান্স ব্যান্ডের সাহায্যে।

▶ **জিজ্ঞাসা করুন:** পুনরাবৃত্তি মানে কী?

উত্তর: পুনরাবৃত্তি (রেপস) হলো আপনি কতবার ব্যান্ডটি প্রসারিত করেন পর পর।

▶ **জিজ্ঞাসা করুন:** সেট কাকে বলে?

উত্তর: সেট হলো কতগুলি পুনরাবৃত্তির সমষ্টি।

কোচের জন্যে নোট	আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায়
<p>.....</p> <p>এই কাজটি ঐচ্ছিক।</p> <p>কিভাবে রেসিস্ট্যান্স ব্যান্ড ব্যবহার করতে হয় তার পরামর্শের জন্য দেখুন “আপনার পেশী গড়ুন” পৃষ্ঠা 5 – 6 এই মডিউলের বিলিপত্রের।</p> <p>.....</p>	<p>.....</p> <p>✳️ কার্যকলাপ: পেশী গঠন করা</p> <p>▶ বলুন: আমরা চেষ্টা করি পেশী গঠন করার এখুনি।</p> <p>➡ যা করবেন প্রতিটি অংশগ্রহণকারীকে একটি করে রেসিস্ট্যান্স ব্যান্ড দিন। কিভাবে রেসিস্ট্যান্স ব্যান্ড ব্যবহার করতে হয় সঠিক উপায়ে তা দেখান। প্রতি বাছ দিয়ে 3টি পুনরাবৃত্তির 2টি সেট করতে অংশগ্রহণকারীদের নেতৃত্ব দিন। ট্র্যাক করুন তারা কতক্ষণ এই ক্রিয়াকলাপ করছেন। রেসিস্ট্যান্স ব্যান্ড সংগ্রহ করুন, বা অংশগ্রহণকারীদের তা রাখতে দিন।</p> <p>.....</p> <p>▶ জিজ্ঞাসা করুন: আমরা আবার কাহিনীটিতে ফিরে যাই। ওলগা কি করে একটি রেসিস্ট্যান্স ব্যান্ড ব্যবহার করে আরো সক্রিয় হবার জন্য সপ্তাহ 4 থেকে সপ্তাহ 5 এ?</p> <p>উত্তর: ওলগা সেটি ব্যবহার করে আরো বেশি পুনরাবৃত্তির জন্য প্রতি সেটে, এবং আরো বেশি দিন প্রতি সপ্তাহে।</p>

কোচের জন্যে নোট

এই কাজটি ঐচ্ছিক।

আপনার সুস্থ্যতার বিশদ ট্র্যাক করুন (12 মিনিট)

► **বলুন:** আপনি দারুন কাজ করছেন আপনার কার্যকলাপের সময় ট্র্যাক করার জন্য প্রতিদিন। যেমন আপনি জানেন, সেটি হলো এই কর্মসূচির একটি মূল অংশ।

আপনি আরো সক্রিয় হচ্ছেন কিনা তা দেখার জন্য, এটি সাহায্য করে আপনার সুস্থ্যতার আরো বেশি বিশদ ট্র্যাক করার জন্য। কিন্তু সেটি এই কর্মসূচির একটি প্রয়োজনীয়তা নয়।

✳️ **কার্যকলাপ:** আরো বেশি বিশদ ট্র্যাক করা

► **বলুন:** আরো বেশি বিশদ ট্র্যাক করার চেষ্টা করি এখুনি। অনুগ্রহ করে আপনার ফিটনেস লগ দেখুন। আমরা কিছু বিশদ লিখে নি আপনি আজ রেসিস্ট্যান্স ব্যান্ড নিয়ে কি করলেন তা সম্বন্ধে।

📌 **যা করবেন** অংশগ্রহণকারীদের রেকর্ড করতে সাহায্য করুন তারা কি ক্রিয়াকলাপ করলেন এবং কতক্ষণ করলেন। এছাড়াও তাদের সাহায্য করুন তাদের 3টি পুনরাবৃত্তির 2টি সেট রেকর্ড করতে। তথ্যটি একটি ক্লিপচার্টে বা হোয়াইট বোর্ডে লিখুন, যদি আপনি তেমন কিছু ব্যবহার করেন। প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

কোচের জন্যে নোট	আপনার সুস্থতার আরো বিশদ ট্র্যাক করুন
<p>আপনি ট্র্যাক করতে পারেন:</p> <ul style="list-style-type: none"> ■ পোড়ানো ক্যালরি ■ দূরত্ব ■ পাহাড়ের গ্রেড ■ ধাপগুলির সংখ্যা ■ গতি ■ তোলা ওজনের <p>পরিমাপের উপায়গুলির অন্তর্ভুক্ত:</p> <ul style="list-style-type: none"> ■ ঘড়ি বা হাতঘড়ি ■ সুস্থতার ট্র্যাকার ■ পেডমিটার ■ স্মার্ট ফোন বা কম্পিউটার অ্যাপস ■ ট্রেডমিল <p>রেকর্ড করার উপায়গুলির অন্তর্ভুক্ত হলো:</p> <ul style="list-style-type: none"> ■ সুস্থতার ট্র্যাকার ■ স্মার্ট ফোন বা কম্পিউটার অ্যাপস ■ স্পাইরাল নোটবই ■ স্প্রেডশীট ■ কন্ঠস্বর রেকর্ডিং করা 	<p>🗨️ আলোচনা করুন: আপনার মিনিট, পুনরাবৃত্তি এবং সেট ছাড়া, আপনার কার্যকলাপের অন্য কি বিশদ আপনি ট্র্যাক করতে পারেন?</p> <p>আপনার ক্রিয়াকলাপ পরিমাপের অন্য উপায় কি আছে?</p> <p>আপনার ক্রিয়াকলাপ রেকর্ড করার অন্য উপায় কি আছে?</p> <p>▶ বলুন: অবশেষে, যদিও, শেষ পর্যন্ত, আপনি এইসব বিস্তারিত তথ্য আপনার ফিটনেস লগে লিখতে চাইবেন। কিন্তু আবার, এই কর্মসূচির একমাত্র আবশ্যিক প্রয়োজন হলো আপনার কার্যকলাপের সময় লিখে রাখা।</p> <p>📌 যা করবেন আপনার ইচ্ছে হলে, কিছু উদাহরণ নিয়ে আসুন আপনার ক্রিয়াকলাপ ট্র্যাক করার কিছু উপায়ের উদাহরণ লিপিবদ্ধ করুন। অংশগ্রহণকারীদের দেখিয়ে দিন কীভাবে সেগুলিকে ব্যবহার করতে হয়।</p>

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** আপনার কর্ম পরিকল্পনার দিনপঞ্জী দেখুন অনুগ্রহ করে। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

এছাড়াও মাথায় রাখুন যা আমরা আজকে আলোচনা করেছি আরো সক্রিয় হবার সম্বন্ধে।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

👉 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- আপনার সুস্থতার আরো বিশদ ট্র্যাক করুন (1 সপ্তাহ)
- আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায়
- আপনার পেশী গড়ুন
- কর্ম পরিকল্পনা

সারাংশ ও সমাপ্তি (5 মিনিট)

► **বলুন:** অনুগ্রহ করে আপনার ফিটনেস লগ আবার দেখুন। অনুগ্রহ করে ট্র্যাক করুন রোজ আপনি কি ক্রিয়াকলাপ করেন, এবং কতক্ষণ আপনি তা করেন। এখনকার এবং পরের সেশনের মধ্যে আমি চাইব আপনি আপনার সুস্থতার অন্য আরো বিশদ ট্র্যাক করুন। অনুগ্রহ করে এটা অন্ততপক্ষে এক সপ্তাহ করুন। এটি আপনাকে সাহায্য করবে দেখতে আপনি আরো বেশি সক্রিয় হয়ে উঠছেন কিনা।

অনুগ্রহ করে “সক্রিয় হয়ে ওঠার আরো উপায়” দেখুন এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 4 এ। এটি আমাদের চিন্তাভাবনা দেয় আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায় সম্বন্ধে। এখন আর আমাদের পরের সেশনের মধ্যে, লিখুন কি করে আপনি সক্রিয় হয়ে উঠবেন পরের কয়েকটি সপ্তাহে।

আমি চাইব আপনি “আপনার পেশী গঠন করুন” অংশটি দেখুন যা পৃষ্ঠা 5 এবং 6 এ দেওয়া আছে। এই চিত্রগুলির কয়েকটি প্রয়োগ করার বিষয়ে ভাবুন!

↪ **যা করবেন** প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

► **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজকে আমরা আলোচনা করলাম কিভাবে আরো বেশি সক্রিয় হলে তা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে।

আমরা কথা বললাম:

- আরো সক্রিয় উদ্দেশ্য হলো
- আরো বেশি সক্রিয় হয়ে ওঠার কিছু উপায় হলো
- আপনার সুস্থতার বিশদ ট্র্যাক করবেন কিভাবে

কোচের জন্যে নোট

সারাংশ ও সমাপ্তি

আপনি চলাফেরা করার সুযোগও পেলেন। আপনি আপনার সুস্থ্যতার আরো বিশদ ট্র্যাক করার চেষ্টা করলেন।

আলোচনা করুন: আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

বলুন: পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলতুবি করা হলো।



লাইফস্টাইল কোর্সের প্রশিক্ষণ নির্দেশিকা

যে ক্যালরি নিচ্ছেন তার চেয়ে বেশি ব্যয় করুন

যে ক্যালরি নিচ্ছেন তার চেয়ে বেশি ব্যয় করুন

সেশনের মূল বিষয়গুলি

ওজন কমালে সেটা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে পারে। এই মডিউল অংশগ্রহণকারীদেরকে শেখায় যে কীভাবে যত ক্যালরি গ্রহণ করা হবে তার চেয়ে বেশী ব্যয় ওজন কমানো যায়।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো করতে পারবে:

- ▶ ক্যালরি এবং ওজনের মধ্যে সম্পর্ক চিহ্নিত করতে পারবে
- ▶ ব্যাখ্যা করতে পারবে কীভাবে তারা যতটা ক্যালরি গ্রহণ করছে তার উপরে নজর রাখা যায়
- ▶ ব্যাখ্যা করতে পারবে কীভাবে তারা যতটা ক্যালরি পোড়াচ্ছে তার উপরে নজর রাখা যায়
- ▶ ব্যাখ্যা করতে পারবে কীভাবে তারা যত ক্যালরি গ্রহণ করছে তার বেশী পোড়াতে পারবেন।

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীদের সহায়িকাসমূহ (আপনার এবং প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য একটা করে কপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন

ঐচ্ছিক:

- স্ক্রিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- পুরানো ধরনের দাঁড়িপাল্লা
- টেবিল
- 20 টা লাল মার্বেল
- 20 টা নীল মার্বেল
- বেসিন
- 2 থেকে 3 টা বেলুন
- সূচ
- আপনি কত ক্যালরি খাদ্য গ্রহণ করেন আর কত ক্যালরি ব্যয় সেটার উপরে ট্র্যাকিং করার উপায়, যেমন স্পাইরাল নোটবই এবং স্মার্ট ফোন এবং কম্পিউটার অ্যাপস

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায়ই 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা পৃষ্ঠা 6 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7 2 মিনিট
- ক্যালরি ও ওজন..... পৃষ্ঠা 7 10 মিনিট
- আপনি যে পরিমাণ ক্যালরি গ্রহণ করেন
কীভাবে তার উপরে ট্র্যাকিং করা যায় পৃষ্ঠা 11 10 মিনিট
- কীভাবে ট্র্যাকিং করা যায় যে আপনি কী
পরিমাণ ক্যালরি পোড়ান..... পৃষ্ঠা 12 10 মিনিট
- কীভাবে যত ক্যালরি গ্রহণ করেন
তার চেয়ে বেশী পোড়াবেন। পৃষ্ঠা 14 10 মিনিট
- সাক্ষ্যের পরিকল্পনা পৃষ্ঠা 15 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 16 3 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

► **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজ, আমরা আলোচনা করতে চলেছি যে কীভাবে আপনি যত গ্রহণ করেন তার চেয়ে বেশী ক্যালরি পুড়িয়ে ওজন কমানো যায়।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

► **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

► **আলোচনা করুন:** আমাদের বিগত অধিবেশন নিয়ে আপনাদের কী কী প্রশ্ন আছে?

► **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

► **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

► **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

► **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

কোচের জন্যে নোট	উদ্দেশ্য (2 মিনিট)
	<p>► বলুন: আপনি যেমন জানেন, ওজন কমালে সেটা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করা বা বিলম্বিত করায় সাহায্য করতে পারে। আজ, আমরা আলোচনা করব যে কীভাবে আপনি যত গ্রহণ করেন তার চেয়ে বেশী ক্যালরি পুড়িয়ে ওজন কমানো যায়।</p> <p>আমরা কথা বলব:</p> <ul style="list-style-type: none">■ ক্যালরি এবং ওজনের মধ্যে সংযোগ■ কত ক্যালরি আপনি <u>গ্রহণ করেন</u> তা কি করে ট্র্যাক করবেন?■ কত ক্যালরি আপনি <u>পুড়াতে পারেন</u> তা কি করে ট্র্যাক করবেন?■ যা <u>নিচ্ছেন</u> তার চেয়ে আরো বেশি ক্যালরি কি করে <u>পোড়াবেন</u>। <p>অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
	<p>ক্যালরি ও ওজন (10 মিনিট)</p> <p>► বলুন: আসুন ক্যালরি এবং ওজনের মধ্যে যোগাযোগের বিষয়ে আলোচনা শুরু করি।</p> <p>► জিজ্ঞাসা করুন: ক্যালরি মানে কী?</p> <p>উত্তর: এক ধরনের শক্তির পরিমাপ।</p> <p>► বলুন: যখন আপনি কিছু খান বা পান করেন, আপনি তখন <u>গ্রহণ করছেন</u> ক্যালরি। আপনি যখন সক্রিয় হবেন, আপনি তখন <u>পোড়াচ্ছেন</u> ক্যালরি।</p>

কোচের জন্যে নোট

এই কাজটি ঐচ্ছিক।
আপনার যদি ইচ্ছা হয়,
অংশগ্রহণকারীদেরকে বলুন
যেন তারা এর ছবি তোলেন।

ক্যালরি এবং ওজন

✳️ **কার্যকলাপ 1:** একটা বেলুনে খোঁচা দেওয়া

➡️ **যা করবেন** একটা বেলুনকে একটা পানির/জলের কলের সাথে সংযুক্ত করুন। একে পানি/জল দিয়ে অর্ধেকটা ভরতি করুন।

বেলুনটিতে খোঁচা মেরে একটা ছোট ফুটো করুন। এরপর ট্যাপ কলটা এমন ভাবে খুলে দিন যেন পানির/জলের একটা সরু ধারা বেলুনের ভেতরে প্রবেশ করে।

▶️ **জিজ্ঞাসা করুন:** বেলুনে কী ঘটছে?

উত্তর: এটা বড়ো হচ্ছে, কারণ এতে ফুটোর মধ্য দিয়ে যত বেরিয়ে যাচ্ছে তার চেয়ে বেশী পানি/জল প্রবেশ করছে।

➡️ **যা করবেন** বেলুনটাতে খোঁচা দিয়ে আরও কতগুলি ফুটো করে দিন, যেন যত পানি/জল প্রবেশ করছে ততটাই পানি/জল যেন বেরিয়ে যায়।

▶️ **জিজ্ঞাসা করুন:** বেলুনটির কী ঘটছে?

উত্তর: এর আকার একই রকম থাকছে।

➡️ **যা করবেন** বেলুনটাতে খোঁচা দিয়ে আরও কতগুলি ফুটো করে দিন, যেন যত পানি/জল প্রবেশ করছে তার চেয়ে বেশী পানি/জল বেরিয়ে যায়।

▶️ **জিজ্ঞাসা করুন:** বেলুনটির কী ঘটছে?

উত্তর: এটা ছোট হয়ে যাচ্ছে।

▶️ **বলুন:** আপনি যখন যত ক্যালরি খান তার চেয়ে বেশী পুড়িয়ে ফেলেন তখন আপনার এমনটাই ঘটে—আপনার ওজন কমে যায়।

কোচের জন্যে নোট

এই কাজটি ঐচ্ছিক।
আপনার যদি ইচ্ছা হয়,
অংশগ্রহণকারীদেরকে বলুন
যেন তারা এর ছবি তোলেন।

ক্যালরি এবং ওজন

☀️ **কার্যকলাপ 2:** মার্বেল দিয়ে ব্যালেঞ্চ করা

👉 **যা করবেন** একটা টেবিলে একটা পুরানো ধরনের দাঁড়িপাল্লা রাখুন।
দুটো পাত্র নিন—একটা লাল মার্বেল দিয়ে ভরতি, আরেকটা নীল মার্বেল দিয়ে
ভরতি। দুই জন স্বেচ্ছাকর্মীকে এগিয়ে আসতে বলুন।

▶ **বলুন:** নীল মার্বেল আপনি যতটা ক্যালরি গ্রহণ করেন তার প্রতীক। লাল
মার্বেল আপনি যতটা ক্যালরি পোড়ান তার প্রতীক।

👉 **যা করবেন** প্রথম স্বেচ্ছাকর্মীকে বলুন যেন সে 10 টা নীল মার্বেল
দাঁড়িপাল্লার একটা দিকে রাখে। দ্বিতীয় স্বেচ্ছাকর্মীকে বলুন যেন সে 5টা
লাল মার্বেল দাঁড়িপাল্লার অপর দিকে রাখে।

▶ **জিজ্ঞাসা করুন:** যখন আপনি যতটা ক্যালরি পোড়ান তারচেয়ে বেশী
ক্যালরি গ্রহণ করেন?

উত্তর: আপনার ওজন বেড়ে যায়।

👉 **যা করবেন** দ্বিতীয় স্বেচ্ছাকর্মীকে বলুন যেন সে দাঁড়িপাল্লায় সেদিকে
আরও 5টা লাল মার্বেল বাড়িয়ে দেয়।

▶ **জিজ্ঞাসা করুন:** আপনি যখন যতটা ক্যালরি গ্রহণ করেন তার সমান
সংখ্যক ক্যালরি পুড়িয়ে ফেলেন তখন কী হয়?

উত্তর: আপনার ওজন একই থাকে।

👉 **যা করবেন** দ্বিতীয় স্বেচ্ছাকর্মীকে বলুন যেন সে দাঁড়িপাল্লায় সেদিকে
আরও 5টা লাল মার্বেল বাড়িয়ে দেয়।

▶ **জিজ্ঞাসা করুন:** যখন আপনি যতটা ক্যালরি গ্রহণ করেন তার চেয়ে
বেশী ক্যালরি পোড়ান?

উত্তর: আপনার ওজন কমে যাবে।

কোচের জন্যে নোট



1 পাউন্ড শরীরের ফ্যাট
= 3,500 ক্যালরি

3,500 ক্যালরি ÷ 7 দিন
= 500 ক্যালরি/দিন

পল অপেক্ষাকৃত কম ক্যালরি গ্রহণ
করতে চাইলে, এমন করতে পারেন:

- মুরগির মাংস ভাজবার বদলে
পুড়িয়ে নিতে পারেন
- সোডা বা রস পান করার বদলে
পানি/জল পান করতে পারেন
- অপেক্ষাকৃত অল্প পরিমাণে
- গাজর খেতে পারেন আলুর
চিপস খাবার বদলে

পল ক্যালরি বেশী পোড়াতে চাইলে,
এমন করতে পারেন:

- বেশী সময় ধরে শারীরিকভাবে
তৎপর থাকতে পারেন
- বেশী দূরে বা দ্রুততর হারে
যেতে পারেন
- অপেক্ষাকৃত বেশী খাড়া পাহাড়ে
উঠতে পারেন
- অপেক্ষাকৃত বেশী ওজন তুলতে
পারেন
- প্রতিদিন বেশী হাঁটতে পারেন

ক্যালরি এবং ওজন

▶ **বলুন:** সুতরাং যদি আপনার লক্ষ্য হয় ওজন কমানো, আপনাকে যতটা ক্যালরি গ্রহণ করছেন তার চেয়ে বেশী পোড়াতে হবে। আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 3 ও 4 উল্টে “পলের কাহিনী” দেখুন।

↗ **যা করবেন** গল্পটার প্রথম পৃষ্ঠাটি পড়ুন (বা কাউকে দিয়ে পড়িয়ে শুনুন) (পৃষ্ঠা 3)। সংক্ষেপে আলোচনা করুন।

▶ **বলুন:** ধরা যাক পল দ্বিতীয় বিকল্পটা পছন্দ করল।

🗨 **আলোচনা করুন:** পল কীভাবে তার খাবার অভ্যাস পরিবর্তন করে প্রতিদিন 500 ক্যালরি কম গ্রহণ করবে?

↗ **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে সুপারিশ করুন যেন তারা “অপেক্ষাকৃত কম ক্যালরি খাবার উপায়সমূহ” (পৃষ্ঠা 5-7), “আপনার পানীয় সম্বন্ধে আবার ভাবুন” (পৃষ্ঠা 8-10), এবং “সহজে ভালো পানীয় খাবার বিকল্পসমূহ” (পৃষ্ঠা 11-12) পড়ে দেখে। অথবা একই সাথে সেগুলির দিকে দেখুন।

▶ **বলুন:** এখন ধরা যাক পল দ্বিতীয় বিকল্পটা পছন্দ করল।

🗨 **আলোচনা করুন:** পল কীভাবে প্রতিদিন সক্রিয় থেকে 500 ক্যালরি বেশী পোড়াবে?

▶ **বলুন:** আবার, পলের আরেকটা তৃতীয় বিকল্প হল সে প্রতিদিন 500 ক্যালরি করে কমাতে সঠিক খাবার ও কার্যকলাপের সংমিশ্রণ ঘটিয়ে।

🗨 **আলোচনা করুন:** এই তিনটি বিকল্পের মধ্যে কোনটি আপনার জন্য সব চেয়ে ভালো কাজ করবে বলে আপনার মনে হয়?

কোচের জন্যে নোট



- 1 কাপ যব
- 2 কাপ পানি/জল
- ফেনা তোলা জিরে
- 1 কাপ কফি
- 1 সর তুলে নেওয়া দুধ

খাদ্যের মধ্যে থাকা ক্যালরির পরিমাণ জানবার উপায়সমূহ হল:

- সাধারণ খাদ্যে উপস্থিত ক্যালরির তালিকাসমূহ
- পুষ্টি সংক্রান্ত তথ্যের লেবেলসমূহ
- অনলাইন সামগ্রীসমূহ
- স্মার্ট ফোন বা কম্পিউটার অ্যাপস

আপনি যে পরিমাণ ক্যালরি গ্রহণ করেন কীভাবে তার উপরে ট্র্যাকিং করা যায় (10 মিনিট)

► **বলুন:** আমরা ক্যালরি এবং ওজনের মধ্যে যোগাযোগ বিষয়ে আলোচনা করেছি। এখন আলোচনা করা যাক যে আপনি যে পরিমাণ ক্যালরি গ্রহণ করেন তার উপরে কীভাবে নজরদারী করবেন।

আপনি কত ক্যালরি গ্রহণ করেন সেটা জানতে হলে, আপনাকে দুটো জিনিস জানতে হবে:

- আপনি কী খান এবং পান করেন
- আপনি কত পরিমাণ খান ও পান করেন

পল জানতে চান যে তার প্রাতরাশে কত ক্যালরি আছে। তাই সে প্রত্যেক উপাদানের জন্য একটা পরিমাপন কাপ ব্যবহার করে। সে যা খায়:

- 1 কাপ যবের থেকে তৈরি যবের গুঁড়ো, 2 কাপ পানি/জল, আর একটা ফেনা তোলা জিরে
- 1 কাপ কফি
- 1 কাপ সর তোলা দুধ, যেটা সে যবের গুঁড়ো এবং কফির মধ্যে ভাগ করে নিন

► **আলোচনা করুন:** এখন পল যেহেতু এইসব জানে, সে কীভাবে জানবে যে তার প্রাতরাশে কত ক্যালরি আছে?

► **বলুন:** পল হিসাব করে পেল যে তার প্রাতরাশে 400 ক্যালরি আছে।

কোচের জন্যে নোট	আপনি কীভাবে নজরদারী করবেন যে আপনি কী পরিমাণ ক্যালরি গ্রহণ করেন
<p>যেসব উপায়ে ক্যালরির পরিমাণ রেকর্ড করা যাবে সেগুলি হল:</p> <ul style="list-style-type: none"> ■ স্মার্ট ফোন বা কম্পিউটার অ্যাপস্ ■ স্পাইরাল নোটবই ■ স্প্রেডশীট ■ কন্ঠস্বর রেকর্ডিং করা <p>আপনি কতটা ক্যালরি গ্রহণ করেন তার উপরে ট্র্যাকিং করা যাবে সে বিষয়ে শিখতে হলে, আপনার খাবার ট্র্যাক করুন দেখুন।</p>	<p>► জিজ্ঞাসা করুন: সে এই সংখ্যাটা দিয়ে কী করবে?</p> <p>উত্তর: এটা লিপিবদ্ধ করুন</p> <p>🗨️ আলোচনা করুন: পল কীভাবে <u>লিপিবদ্ধ করবে</u> যে তার প্রাতরাশে কত ক্যালরি আছে?</p> <p>► বলুন: শেষ পর্যন্ত, অবশ্য, সে তার ফুড লগ-এ এই সংখ্যাগুলি লিখতে চাইবে।</p> <p>📈 যা করবেন আপনার ইচ্ছে হলে, কিছু উদাহরণ নিয়ে আপনি কতটা ক্যালরি গ্রহণ করেন তার কিছু উপায় লিপিবদ্ধ করুন। অংশগ্রহণকারীদের দেখিয়ে দিন কীভাবে সেগুলিকে ব্যবহার করতে হয়।</p>
	<p>আপনি কীভাবে নজরদারী করবেন যে আপনি কী পরিমাণ ক্যালরি পোড়ান (10 মিনিট)</p> <p>► বলুন: আমরা আলোচনা করেছি কীভাবে ট্র্যাকিং করা যাবে যে কতটা ক্যালরি আপনি গ্রহণ করছেন। এখন আলোচনা করা যাক যে আপনি যে পরিমাণ ক্যালরি <u>পোড়াচ্ছেন</u> তার উপরে কীভাবে ট্র্যাকিং করা যাবে।</p> <p>প্রাতরাশের পরে, পল একটু হাঁটতে যান। সে জানতে যায় যে সে কত ক্যালরি পোড়ায়।</p>

কোচের জন্যে নোট



- 240 পাউন্ড
- হাঁটা
- 30 মিনিটে
- পরিমিত

যেসব উপায়ে কত ক্যালরি পোড়ানো হয়েছে সেটা নির্ণয় করা যায় সেগুলি হল:

- সাধারণ কার্যকলাপের তালিকাসমূহ
- অনলাইন সামগ্রীসমূহ
- স্মার্ট ফোন বা কম্পিউটার অ্যাপস

কত ক্যালরি আপনি পুড়াতে পারেন তা কি করে ট্র্যাক করবেন?

আপনি কত ক্যালরি পুড়িয়েছেন সেটা জানতে হলে, আপনাকে চারটা জিনিস জানতে হবে:

- আপনার ওজন কত
- আপনার ক্রিয়াকলাপ
- আমি তা কতক্ষণ করেন
- আপনার গতি

পল জানে যে তার ওজন 240 পাউন্ড কারণ সে নিজেই নিজের ওজন মাপে। সে জানে যে সে 30 মিনিট ধরে হাঁটে কারণ সে নিজেই এই সময়টা নির্ধারণ করেছে। আর সে জানে যে তার গতি মাঝারি ধরনের কারণ সে কথা বলার পরীক্ষা ব্যবহার করে।

► **জিজ্ঞাসা করুন:** কথা বলার পরীক্ষা কী?

উত্তর: পল তার কার্যকলাপ করার সময় কথা বলতে পারে, কিন্তু তার কার্যকলাপ করার সময়, গান করতে পারে না।

► **আলোচনা করুন:** এখন সে যেহেতু এগুলি জানে, পল কীভাবে নির্ণয় করবে যে সে হাঁটবার সময় কত ক্যালরি পোড়াচ্ছে?

► **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে সুপারিশ করুন এই মডিউলের বিলিপত্র পৃষ্ঠা 13 থাকা “ক্যালরি পোড়ানোর উপায়” দেখতে। অথবা একত্রে সেগুলির দিকে দেখুন।

► **বলুন:** পল হিসাব করে দেখল যে হাটার সময় সে পোড়াতে পারে প্রায় 90 ক্যালরি।

কোচের জন্যে নোট	কত ক্যালরি আপনি পুডাতে পারেন তা কি করে ট্র্যাক করবেন?
<p>যেসব উপায়ে ক্যালরির পরিমাণ রেকর্ড করা যাবে সেগুলি হল:</p> <ul style="list-style-type: none"> ■ স্মার্ট ফোন বা কম্পিউটার অ্যাপস ■ স্পাইরাল নোটবই ■ স্প্রেডশীট ■ কন্ট্রোল রেকর্ডিং করা <p>আপনি কতটা ক্যালরি পোড়ান তার উপরে কীভাবে ট্র্যাকিং করা যাবে সে বিষয়ে শিখতে হলে, আপনার <i>ক্রিয়াকলাপ ট্র্যাক করুন</i> দেখুন।</p>	<p>▶ জিজ্ঞাসা করুন: সে এই সংখ্যাটা দিয়ে কী করবে?</p> <p>উত্তর: এটা লিপিবদ্ধ করুন</p> <p>🗨️ আলোচনা করুন: পল কীভাবে লিপিবদ্ধ করতে পারবে যে হাঁটার সময় সে কতটা ক্যালরি পোড়ায়?</p> <p>▶ বলুন: শেষ পর্যন্ত, অবশ্য, সে তার ফিটনেস লগ-এ এই সংখ্যাটা লিখতে চাইবে।</p> <p>📈 যা করবেন আপনার ইচ্ছে হলে, কিছু উদাহরণ নিয়ে আপনি কতটা ক্যালরি পোড়ান তার কিছু উপায় লিপিবদ্ধ করুন। অংশগ্রহণকারীদের দেখিয়ে দিন কীভাবে সেগুলিকে ব্যবহার করতে হয়।</p>
	<p>কীভাবে যত ক্যালরি গ্রহণ করেন তার চেয়ে বেশী পোড়াবেন (10 মিনিট)</p> <p>▶ বলুন: একবার যদি আপনি জানতে পারেন যে আপনি কত ক্যালরি গ্রহণ করেন এবং কোনো এক নির্দিষ্ট দিনে কতটা পোড়ান, তাহলে আপনি সেদিনের প্রকৃত ক্যালরি কত হল তা নির্ণয় করতে পারবেন। আসুন পলের আলোচনায় ফিরে আসা যাক।</p> <p>📈 যা করবেন গল্পটার দ্বিতীয় পৃষ্ঠাটি পড়ুন (বা কাউকে দিয়ে পড়িয়ে শুনুন) (পৃষ্ঠা 4)। সংক্ষেপে আলোচনা করুন।</p> <p>▶ বলুন: মনে রাখুন, প্রতিদিন 1,700 ক্যালরি হল পলের লক্ষ্যমাত্রা। স্বাস্থ্য পরিশেবা দানকারীর সাথে আপনার কত ক্যালরি দরকার সেই লক্ষ্যমাত্রার বিষয়ে আলোচনা করুন।</p> <p>🗨️ আলোচনা করুন: আপনি কি মনে করেন যে খাদ্য ও কার্যকলাপের মিশ্রণের মাধ্যমে আপনি আপনার লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারবেন?</p>

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** আপনার কর্ম পরিকল্পনার দিনপঞ্জী দেখুন অনুগ্রহ করে। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

এটাও মাধায় রাখুন যে আমরা আজকে আপনি যতটা ক্যালরি গ্রহণ করেন তার চেয়ে বেশী পোড়াবার বিষয়ে আলোচনা করেছি।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

👉 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- এসব বিষয়ে নজরদারী করুন
অন্তত 1 দিন:
 - যতটা ক্যালরি আপনি
গ্রহণ করেন
 - যতটা ক্যালরি আপনি
পোড়ান
- কর্ম পরিকল্পনা

সারাংশ ও সমাপ্তি (3 মিনিট)

► **বলুন:** আপনার ক্যালরির উপরে নজরদারী করলে সেটা আপনাকে আপনি যত ক্যালরি গ্রহণ করেন তার চেয়ে বেশী পোড়াতে সাহায্য করবে। অনুগ্রহ করে আপনার ফুড লগ এবং ফিটনেস লগ দেখুন। এখন আর পরের সেশনের মাঝে, আমি চাইব যেন আপনি এইসব লগ ব্যবহার করে যতটা ক্যালরি গ্রহণ করেছেন এবং যতটা ক্যালরি পুড়িয়েছেন সেই বিষয়ে নজরদারী করতে পারেন। অনুগ্রহ করে এটা অন্ততপক্ষে এক দিন করুন।

► **যা করবেন** প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

► **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজ, আমরা আলোচনা করেছি যে কীভাবে আপনি যত গ্রহণ করেন তার চেয়ে বেশী ক্যালরি পুড়িয়ে ওজন কমাতে পারেন।

আমরা কথা বললাম:

- ক্যালরি এবং ওজনের মধ্যে সংযোগ
- কত ক্যালরি আপনি গ্রহণ করেন তা কি করে ট্র্যাক করবেন?
- কত ক্যালরি আপনি পুড়াতে পারেন তা কি করে ট্র্যাক করবেন?
- যা নিচ্ছেন তার চেয়ে আরো বেশি ক্যালরি কি করে পোড়াবেন।

► **আলোচনা করুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

► **বলুন:** পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলতুবি করা হলো।



লাইফস্টাইল কোচের প্রশিক্ষণ নির্দেশিকা

এমন স্বাস্থ্যকর খাবার খান যা আপনি উপভোগ করেন

এমন স্বাস্থ্যকর খাবার খান যা আপনি উপভোগ করেন

সেশনের মূল বিষয়গুলি

স্বাস্থ্যকর খাওয়া উপভোগ্য হতে পারে এবং টাইপ 2 ডায়াবেটিস রুখতে বা বিলম্বিত করায় সাহায্য করতে পারে। এই মডিউলটি অংশগ্রহণকারীদের শেখায় যে কিভাবে স্বাস্থ্যকর খাবার খেতে হয় যা তাঁরা উপভোগ করতে পারবেন।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো বর্ণনা করতে পারবে:

- ▶ কিভাবে খাওয়াদাওয়া প্রতি এক সুস্থ দৃষ্টিভঙ্গী নিতে হবে
- ▶ কিভাবে স্বাস্থ্যকর বাছাই করতে হবে
- ▶ কিভাবে এমন স্বাস্থ্যকর খাবার খেতে হবে যা তাঁরা উপভোগ করেন

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রতিটি অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন

ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- “Cooking with Herbs, Spices, and Other Seasonings (ভেষজ, ঝাল মশলা, ও অন্যান্য রুচিবর্ধক মসলা দিয়ে রান্না করার)” ভিডিও: https://healthyeating.nhlbi.nih.gov/video_herbs.aspx
- ভিডিও দেখার জন্য ইন্টারনেট সুবিধাসহ প্রোজেক্টর

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায় 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা.....পৃষ্ঠা 6..... 10 মিনিট
- উদ্দেশ্য.....পৃষ্ঠা 7..... 2 মিনিট
- খাওয়াদাওয়ার প্রতি একটি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী নিনপৃষ্ঠা 7..... 10 মিনিট
- স্বাস্থ্যকর পছন্দ করুন.....পৃষ্ঠা 8..... 10 মিনিট
- এমন স্বাস্থ্যকর খাবার খান যা আপনি উপভোগ করেন.....পৃষ্ঠা 10..... 18 মিনিট
- সাফল্যের পরিকল্পনাপৃষ্ঠা 11..... 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তিপৃষ্ঠা 12..... 5 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

► **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজ আমরা আলোচনা করতে চলেছি যে কিভাবে স্বাস্থ্যকর খাবার খাওয়া যায় যা আপনি উপভোগ করেন।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেব।

📌 **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

🗨️ **আলোচনা করুন:** আগে আমরা যা নিয়ে আলোচনা করেছিলাম সেই নিয়ে কারো কি কোনো প্রশ্ন আছে?

► **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

► **বলুন:** আসুন আপনি বাড়িতে অন্যান্য যা যা করেছেন তা কেমন হয়েছে তা নিয়ে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

<p>কোচের জন্যে নোট</p>	<p>উদ্দেশ্য (2 মিনিট)</p>
	<p>► বলুন: স্বাস্থ্যকর খাবার কি সুস্বাদু হতে পারে? নিশ্চয়ই!</p> <p>আজ আমরা আলোচনা করব যে কিভাবে স্বাস্থ্যকর খাবার খাওয়া যায় যা আপনি উপভোগ করেন। আমরা যেগুলি নিয়ে কথা বলব তা হল কিভাবে:</p> <ul style="list-style-type: none">■ খাওয়াদাওয়া প্রতি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী নিন■ স্বাস্থ্যকর পছন্দ করুন■ এমন স্বাস্থ্যকর খাবার খান যা আপনি উপভোগ করেন <p>অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
	<p>খাওয়াদাওয়া প্রতি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী নিন (10 মিনিট)</p>
	<p>► বলুন: মানুষজন বিভিন্ন কারণের জন্যে খান। খাওয়াদাওয়া প্রতি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী রাখা আপনাকে এমন স্বাস্থ্যকর খাবার খাওয়ায় সাহায্য করতে পারে যা আপনি উপভোগ করেন। আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে এই মডিউলের বিলিপত্রের 3 নং পৃষ্ঠার “অ্যান্থনির কাহিনী” দেখুন।</p> <p>📌 যা করবেন কাহিনীটি পড়ুন (বা কোন স্বেচ্ছাসেবককে পড়তে বলুন)।</p> <p>🗨️ আলোচনা করুন: যখন আপনার ক্ষিদে পায় তখন কেমন বোধ হয়? যখন আপনি অত্যন্ত ক্ষুধার্ত হয়ে পড়েন তখন কি কোন সময় অস্বাস্থ্যকর পছন্দ করে ফেলেন? আপনি কি কখনো ক্ষুধার্ত না থাকলেও খেয়ে ফেলেন? কেন?</p>

<p>কোচের জন্যে নোট</p>	<p>খাওয়াদাওয়ার প্রতি এক স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী নিন</p>
	<p>► বলুন: যখন আপনি অত্যন্ত ক্ষুধার্ত তখন খাওয়াদাওয়া নিয়ে আমরা আলোচনা করেছি। যখন আপনি ক্ষুধার্ত নন তখন খাওয়াদাওয়া নিয়েও আমরা আলোচনা করেছি।</p> <p>► জিজ্ঞাসা করুন: খাওয়াদাওয়ার প্রতি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গীটি কি?</p> <p>উত্তর: যখন আপনি ক্ষুধার্ত তখনই খেয়ে নিন, কিন্তু খুব ক্ষিদে পেলে নয়।</p> <p>► বলুন: অনুগ্রহ করে এই মডিউলে বিলিপত্রটি পৃষ্ঠা 4-এ “সঠিক পরিমাণ খান” দেখুন।</p> <p>► যা করবেন বিলিপত্রটি পর্যালোচনা করুন। সংক্ষেপে আলোচনা করুন।</p>
	<p>স্বাস্থ্যকর পছন্দ করুন (10 মিনিট)</p>
	<p>► বলুন: অ্যান্ড্রিনের চিকিৎসক তাঁকে বলেছেন যে তাঁর টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি রয়েছে।</p> <p>► জিজ্ঞাসা করুন: অ্যান্ড্রিনের কি ধরনের খাবার বেছে নেওয়া উচিত?</p> <p>উত্তর: সেসব সামগ্রী যেগুলিতে:</p> <ul style="list-style-type: none"> ■ ক্যালরির, ফ্যাট, চিনি কম ■ ফাইবার ও পানিতে/জলে ভরপুর ■ ভিটামিন মিনারেল ও প্রোটিনে ভরপুর

কোচের জন্যে নোট

ফাইবার হল এমন এক ধরনের কার্বোহাইড্রেট যা হজম হওয়া ছাড়াও আপনার শরীর থেকে বেরিয়ে যায়।

স্বাস্থ্যকর পছন্দ করুন

► **জিজ্ঞাসা করুন:** এবং কি ধরনের খাবার অ্যান্ধনির সীমিত করা উচিত?

উত্তর: যে জিনিসগুলি:

- ক্যালরির, ফ্যাট, চিনি বেশী
- ফাইবার ও পানি/জল কম
- ভিটামিন মিনারেল ও প্রোটিন কম

► **জিজ্ঞাসা করুন:** কেন আমি এমন জিনিস বেছে নেব যাতে ফাইবার ও জলীয় পদার্থের পরিমাণ বেশি?

উত্তর: এগুলি ক্যালরি না বাড়িয়ে আপনার খাদ্যের চাহিদা পূর্ণ করে দেয়।

► **বলুন:** তার সাথে সেগুলিতে ক্যালরি কম থাকায়, ফাইবারের অন্য সুবিধাও রয়েছে: এটি হজম হতে আরো বেশি সময় নেয়। যাতে আপনি আরো ভরপেট অনুভব করেন। আপনি কি কখনো এক সার্ভিং ফ্রেশ ফাই থেকে এক ঘন্টা পরেই আবার ক্ষুধার্ত হয়ে পড়েছেন? তার কারণ এতে ফাইবারের পরিমাণ স্বল্প।

অনুগ্রহ করে এই মডিউলে পুস্তিকাটির 5 পৃষ্ঠায় “Prevent T2 করার স্বাস্থ্যকর পছন্দগুলি” দেখুন।

📌 **যা করবেন** বিলিপত্রটি পর্যালোচনা করুন। সংক্ষেপে আলোচনা করুন। স্তম্ভ 1-এ থাকা পছন্দগুলির থেকে স্তম্ভ 2-এর পছন্দগুলি স্বাস্থ্যকর কেন তা ব্যাখ্যা করুন।

🗨️ **আলোচনা করুন:** আপনি কি টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করার জন্য অন্য কোন স্বাস্থ্যকর পছন্দের কথা ভাবতে পারেন?

কোচের জন্যে নোট

তার ঠাকুমার রেসিপিগুলি স্বাস্থ্যকর করে তুলতে, অ্যান্ধনি যা করতে পারে:

- পেশা বীফের বদলে পেশা টার্কি ব্যবহার করতে পারে
- গোটা দানার লাসানিয়া নুডল ব্যবহার করতে পারে
- পুরো ফ্যাটওয়ালার পরিবর্তে মাঠা তোলা বা আংশিক মাঠা তোলা রিকোটা ও মোজারেলা ব্যবহার করতে পারে
- মাশরুম, পালং শাক ও লাল গোলমরিচের মত স্টার্চহীন সস্কী দিয়ে অর্ধেক চীজকে প্রতিস্থাপিত করতে পারে
- স্টার্চহীন সস্কী দিয়ে অর্ধেক নুডলকে প্রতিস্থাপিত করতে পারে
- বাড়তি ভেষজ ও মশলা যোগ করতে পারে

এমন স্বাস্থ্যকর খাবার খান যা আপনি উপভোগ করবেন (18 মিনিট)

► **বলুন:** খাওয়া হল জীবনের প্রকৃত আনন্দগুলির মধ্যে অন্যতম। খাবার শুধু আপনার পেটই ভর্তি করে না। এটি আপনার অনুভূতিগুলিকেও সমৃদ্ধ করে।

অ্যান্ধনি চিন্তিত যে তার নতুন ডায়েট হয়তো তার জন্য খাবারের সব আনন্দ বের করে নেবে। সে রান্না করতে ভালোবাসে, কিন্তু সে স্বাস্থ্যকর রান্না সম্বন্ধে খুব বেশি কিছু জানে না। সে মনে করে তাকে অনেক পরিমাণে কাঁচা পালং শাক খেতে হবে।

🗨️ **আলোচনা করুন:** আপনি যা খাচ্ছেন তা উপভোগ করাটা কত গুরুত্বপূর্ণ বলে আপনি মনে করেন? আপনি কি এমন ধরনের খাওয়াদাওয়া বজায় রাখতে পারবেন যা আপনি উপভোগ করেন না?

► **বলুন:** অনুগ্রহ করে পৃষ্ঠা 7-এ “রেসিপি মেকওভার” দেখুন।

📌 **যা করবেন** বিলিপত্রটি পর্যালোচনা করুন। সংক্ষেপে আলোচনা করুন।

🗨️ **আলোচনা করুন:** স্বাস্থ্যকর পছন্দগুলিকে উপভোগ্য করার অন্যান্য উপায়গুলি কি কি?

► **বলুন:** অ্যান্ধনির একটি অন্যতম প্রিয় পদ হল লাসানিয়া- ঠিক যেভাবে তার ঠাকুমা এটি তৈরি করতেন। তার রেসিপিতে রিকোটা এবং মোজারেলা চীজ, পেশা বীফ, টোম্যাটো সস, এবং অবশ্যই লাসানিয়া নুডল রয়েছে।

🗨️ **আলোচনা করুন:** কি কি উপায়ে অ্যান্ধনি তার ঠাকুমার লাসানিয়া রেসিপিটিকে আরো স্বাস্থ্যকর করেও সুস্বাদু রাখতে পারে?

► **বলুন:** এটা তো শুনে আমার খুব সুস্বাদু বলেই মনে হচ্ছে!

<p>কোচের জন্যে নোট</p>	<p>এমন স্বাস্থ্যকর খাবার খান যা আপনি উপভোগ করেন</p>
<p>.....</p> <p>এই কাজটি ঐচ্ছিক। যদি আপনি চান, তাহলে অংশগ্রহণকারীদের লিঙ্কটি দিন যাতে তাঁরা ভিডিওটি ঘরেই দেখতে পারেন।</p> <p>.....</p>	<p>.....</p> <p>✳️ কার্যকলাপ: ভিডিও</p> <p>▶ বলুন: দেখা যাক, কোন শেফ কিভাবে স্বাস্থ্যকর খাবারকে সুস্বাদু করে তোলেন।</p> <p>👉 যা করবেন 5-মিনিটের ভিডিও দেখান: “ভেষজ, মশলা ও অন্যান্য তেলঝাল দিয়ে রান্না করা।” সংক্ষেপে আলোচনা করুন।</p> <p>.....</p>
	<p>সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)</p>
	<p>▶ বলুন: অনুগ্রহ করে আপনার কর্ম পরিকল্পনার জার্নাল দেখুন। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।</p> <p>আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?</p> <p>এছাড়াও মনে রাখবেন যে কিভাবে আপনার উপভোগ করার মত স্বাস্থ্যকর খাবার খেতে হয় তা নিয়েও আজ আমরা আলোচনা করেছি।</p>

কোচের জন্যে নোট	সাফল্যের পরিকল্পনা
	<p>পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:</p> <ul style="list-style-type: none"> ■ বাস্তবধর্মী ■ সম্পাদনযোগ্য ■ নির্দিষ্ট ■ নমনীয় <p>মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!</p> <p>👉 যা করবেন অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।</p>
	<p>সারাংশ ও সমাপ্তি (5 মিনিট)</p> <p>▶ বলুন: অনুগ্রহ করে এই মডিউলের পৃষ্ঠা 6-এ “Prevent T2 এর জন্য স্বাস্থ্যকর পছন্দ করাটি” দেখুন। এখন ও পরের সেশনের মধ্যে আমি চাইব আপনারা খালি ছকে স্বাস্থ্যকর পছন্দের জন্য আপনাদের ধারণাগুলি লিখুন।</p> <p>👉 যা করবেন প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।</p> <p>▶ বলুন: অ্যান্ড্রিনির লাসানিয়া রেসিপিটি সুস্বাদু করতে আমরা একসাথে কাজ করেছি। এখন ও পরের সেশনের মধ্যে আমি চাইব আপনারা আপনাদের নিজস্ব রেসিপির মেকওভার করুন।</p>

কোচের জন্যে নোট



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- Prevent T2 এর জন্য স্বাস্থ্যকর পছন্দ
- রেসিপি মেকওভার
- কর্ম পরিকল্পনা

সারাংশ ও সমাপ্তি

অনুগ্রহ করে আপনার প্রিয় রেসিপিগুলির মধ্যে একটি বেছে নিন। এটিকে স্বাস্থ্যকর করে তোলার উপায় খুঁজুন। আপনি ধারণার জন্য পৃষ্ঠা 7-এ “রেসিপি মেকওভার” দেখতে পারেন। যদি আপনি পছন্দ করেন, তাহলে আপনি এটি রান্নাও করতে পারেন! এবং আপনি দলের সাথে আপনার নতুন রেসিপি ভাগ করতেও স্বাগত।

আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজ আমরা আপনি উপভোগ করতে পারবেন এমন স্বাস্থ্যকর খাবার নিয়ে আলোচনা করেছি। আমরা আলোচনা করেছি যে কিভাবে:

- খাওয়াদাওয়া প্রতি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী রাখতে হবে
- স্বাস্থ্যকর পছন্দ করতে হবে
- এমন স্বাস্থ্যকর খাবার খেতে হবে যা আপনি উপভোগ করেন

আলোচনা করুন: আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

বলুন: পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলতুবি করা হলো।

PREVENT T2

A PROVEN PROGRAM TO PREVENT OR DELAY TYPE 2 DIABETES



লাইফস্টাইল কোর্সের প্রশিক্ষণ নির্দেশিকা

চাপ নিয়ন্ত্রণ করা

চাপ নিয়ন্ত্রণ করা

সেশনের মূল বিষয়গুলি

চাপ নিয়ন্ত্রণ করলে তা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করা বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে। এই মডিউলটি অংশগ্রহণকারীদের শেখায় কি করে চাপ কমাতে হয় এবং তা সামলাতে হয়।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীদের এগুলো শনাক্ত করতে পারবে:

- ▶ চাপের কিছু কারণ
- ▶ চাপ এবং টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সংযোগ
- ▶ চাপ কমানোর কিছু উপায়
- ▶ চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায়

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রতিটি অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন

ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- ছোট মাদুর বা বালিশ (প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য একটি)
- স্বস্তিদায়ক সঙ্গীত

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায়ই 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা পৃষ্ঠা 6 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7 2 মিনিট
- চাপের কারণ পৃষ্ঠা 8 5 মিনিট
- চাপ এবং টাইপ 2 ডায়াবেটিস..... পৃষ্ঠা 8 8 মিনিট
- চাপ কমানোর কিছু উপায় পৃষ্ঠা 10 8 মিনিট
- চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায় পৃষ্ঠা 10 17 মিনিট
- সাফল্যের পরিকল্পনা পৃষ্ঠা 13 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 14 5 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

▶ **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজকে আমরা কথা বল কি করে চাপ নিয়ন্ত্রণ করতে হয় তা সম্বন্ধে।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

📌 **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

🗨️ **আলোচনা করুন:** আগে আমরা যা নিয়ে আলোচনা করেছিলাম সেই নিয়ে কারো কি কোনো প্রশ্ন আছে?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

কোচের জন্যে নোট	উদ্দেশ্য (2 মিনিট)
	<p>► বলুন: চাপ নিয়ন্ত্রণ করলে তা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে। আজ আমরা, এই নিয়ে আলোচনা করব:</p> <ul style="list-style-type: none">■ চাপের কিছু কারণ■ চাপ এবং টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সংযোগ■ চাপ <u>কমাবার</u> কিছু উপায়■ চাপ <u>সামলাবার</u> কিছু স্বাস্থ্যকর উপায় <p>আপনি আরাম করা অভ্যাস করারও সুযোগ পাবেন। অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>

কোচের জন্যে নোট	চাপের কিছু কারণ (5 মিনিট)
<p>চাপের কিছু কারণের অন্তর্ভুক্ত:</p> <ul style="list-style-type: none"> ■ অন্যান্য মানুষের সাথে সংঘাত ■ স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা ■ অর্থ সম্পর্কিত সমস্যা ■ নতুন কাজ বা বাছা ■ যথেষ্ট সময় না থাকা ■ বড় বেশি কর্তব্য ■ পেশা নিয়ে অশুশি ■ ছুটি কাটানো ■ বিবাহ 	<p>► বলুন: আমরা শুরু করব চাপের কিছু কারণ সম্বন্ধে কথা বলে। আমাদের জীবনে অনেক কিছু আছে যা চাপ সৃষ্টি করে। আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে “বারবারার কাহিনী” তে যান এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 3 এবং 4 এ।</p> <p>➡ যা করবেন পড়ুন (বা একজন স্বৈছাসেবিকে বলুন পড়তে) পৃষ্ঠা 3 এর কাহিনীটির প্রথম তিনটি অনুচ্ছেদ।</p> <p>🗨️ আলোচনা করুন: কিছু জিনিস কি যা আপনাকে <u>চাপ</u> অনুভব করায়?</p>
	<p>চাপ এবং টাইপ 2 ডায়াবেটিস (8 মিনিট)</p> <p>► বলুন: আমরা চাপের কিছু কারণ সম্বন্ধে কথা বলেছি। এবার আমরা চাপ এবং টাইপ 2 <u>ডায়াবেটিসের</u> মধ্যে সংযোগটি দেখি।</p> <p>চাপ অনুভব হওয়ার ফলে এগুলো হতে পারে:</p> <ol style="list-style-type: none"> 1. আপনার শরীরের রসায়ন এমনভাবে পরিবর্তন করতে পারে যে আপনার টাইপ 2 ডায়াবেটিস দ্বারা আক্রান্ত হবার সম্ভাবনা বেশি হবে 2. অস্বাস্থ্যকর উপায়ে কাজ করবেন <p>আবার আলোচনায় ফেরা যাক।</p>

কোচের জন্যে নোট

চাপ এবং টাইপ 2 ডায়াবেটিস

➤ **যা করবেন** পড়ুন (বা একজন স্বৈছাসেবিকে বলুন পড়তে) পৃষ্ঠা 3 এর তালিকা দুটি।

🗨️ **আলোচনা করুন:** আপনার কেমন লাগে যখন আপনি চাপে পড়েন?

▶ **বলুন:** যেমন আমরা বলেছি চাপের কারণে আপনি অস্বাস্থ্যকর উপায়ে কাজ করতে পারেন।

আবার আলোচনায় ফেরা যাক।

➤ **যা করবেন** পড়ুন (বা একজন স্বৈছাসেবিকে বলুন পড়তে) পৃষ্ঠা 4 এর প্রথম অনুচ্ছেদটি এবং তালিকা দুটি।

🗨️ **আলোচনা করুন:** আপনি যখন চাপে থাকেন কেমন বোধ করেন?

▶ **বলুন:** যেমন আপনি জানেন, অস্বাস্থ্যকর খাবারের পছন্দ, বেশি পরিমাণে টিভি দেখা, এবং সুস্থ্যতায় টিলে দিলে তা আপনার টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি বাড়াতে পারে। তাই এটি খুব গুরুত্বপূর্ণ যে চাপ কমানো হয় এবং তা সামলানো হয়।

<p>কোচের জন্যে নোট</p>	<p>চাপ কমানোর কিছু উপায় (8 মিনিট)</p>
	<p>▶ বলুন: দুর্ভাগ্যবশত, চাপ প্রতিরোধ করার কোন নিশ্চিত উপায় নেই। আপনি আপনার চাকতি হারাতে পারেন। আপনি ভালবাসেন এমন কেউ অসুস্থ হতে পারে বা মারাও যেতে পারে। আপনার জীবন কম চাপপূর্ণ করার জন্য উপায় আছে।</p> <p>আবার আলোচনায় ফেরা যাক।</p> <p>↗ যা করবেন বাকি কাহিনীটি পড়ুন (বা একজন স্বেচ্ছাসেবিকে বলুন পড়তে), পৃষ্ঠা 4 এর “বারবারা ‘না’ বলতেজানেন না” থেকে শুরু করে।</p> <p>🗨️ আলোচনা করুন: আপনার কি কখনো অসুবিধা হয় “না” বলতে?</p> <p>▶ বলুন: আমরা কথা বলেছি “না” বলা সম্বন্ধে। এবার আমরা আরো কিছু আলোচনা করি আপনার জীবনে চাপ কমানোর উপায় সম্বন্ধে।</p> <p>অনুগ্রহ করে “চাপ কমানোর উপায়” দেখুন এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 5 এ।</p> <p>↗ যা করবেন বিলিপত্রটি পর্যালোচনা করুন। সংক্ষেপে আলোচনা করুন।</p>
	<p>চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায় (17 মিনিট)</p>
	<p>▶ বলুন: আমরা কথা বলেছি কি করে আপনার জীবন কম চাপপূর্ণ করা যায় তা সম্বন্ধে। দুর্ভাগ্যবশত:, চাপ প্রতিরোধ করার কোন নিশ্চিত উপায় নেই। অতএব, কি করে সামলাতে হয় তা জানা জরুরি।</p> <p>অনুগ্রহ করে “চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায়” দেখুন এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 6 এবং 7 এ।</p>

কোচের জন্যে নোট	চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায়
<p>.....</p> <p>এই কাজটি ঐচ্ছিক।</p> <p>আপনার সম্ভবত সময় থাকবে না এই সব কৌশলগুলি করার মত। তাই যেই কৌশলটি আপনার ক্ষেত্রে সব চেয়ে ভালো কাজ দেবে সেটি দিয়ে শুরু করুন। একটি কৌশল ভালো করে করা ভালো সবগুলি খারাপ ভাবে করার চেয়ে।</p> <p>শুয়ে পড়ার জায়গা যদি না পাওয়া যায় তাহলে অংশগ্রহণকারীরা তাদের চেয়ারে বসে থাকতে পারেন।</p>	<p>📌 যা করবেন বিলিপত্রটি পর্যালোচনা করুন। সংক্ষেপে আলোচনা করুন।</p> <p>.....</p> <p>☀️ কার্যকলাপ: আরাম করা অভ্যাস করুন</p> <p>▶️ বলুন: বিলিপত্রটি আরাম করার কয়েকটি উপায় তালিকাভুক্ত করে। আমরা আরাম করা অভ্যাস করি এফুনি।</p> <p>📌 যা করবেন যদি শুয়ে পড়ার জায়গা থাকে, একটি ছোট বালিশ বা মাদুর এগিয়ে দিন প্রতিটি অংশগ্রহণকারীকে। অংশগ্রহণকারীদের বলুন মেঝেতে জায়গা বার করে নিতে। তাদের বলুন তাদের মাদুরে বসতে বা শুয়ে পড়তে। তাদের বলুন পরস্পরের মধ্যে অন্তত এক ফুটের ব্যবধান ছেড়ে রাখতে।</p> <p>আলোগুলি কমান। আরামদায়ক সঙ্গীত বাজান। অংশগ্রহণকারীদের বলুন চোখ বন্ধ করতে। কথা বলার সময় ঘরের চারিদিকে হাঁটুন।</p> <p>▶️ বলুন: শুরু করুন আপনার পেশীগুলি শিথিল করা দিয়ে। উদ্দেশ্য হলো প্রতিটি পেশির গ্রুপকে শক্ত করা ও তারপর ছেড়ে দেওয়া এক এক করে।</p> <p>আপনার মুখের পেশী দিয়ে শুরু করা যাক। মুখটা কুঁচকে ফেলুন। 5 সেকেন্ডের জন্য ধরে থাকুন। এখন ছাড়ুন। আপনি কি কোন তফাত বোধ করছেন?</p> <p>📌 যা করবেন পুনরাবৃত্তি করুন চোয়াল, কাঁধ, বহু, ছাতি, পা, এবং পায়ের পাতার পেশীগুলি দিয়ে এক এক করে। প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।</p>

কোচের জন্যে নোট

চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায়

▶ **বলুন:** আমরা ধ্যান করি। এমন সরল কিছু প্রতি নজর কেন্দ্রীভূত করুন যা আপনার মনে প্রশান্তির ভাব এনে দেয়। এটি ছবি বা শব্দ হতে পারে।

যদি অন্য কারো চিন্তা মনে আসে চিন্তা করবেন না। আপনি শুধু আপনার চিত্র বা শব্দে ফিরে যান।

↗ **যা করবেন** অংশগ্রহণকারীদের কয়েক মিনিট সময় দিন। প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

▶ **বলুন:** এবার আমরা কল্পনা করি। একটা দৃশ্য চিন্তা করুন যা আপনাকে শান্তিপূর্ণ অনুভব করায়। নিজেকে সেখানে দেখান।

↗ **যা করবেন** অংশগ্রহণকারীদের কয়েক মিনিট সময় দিন। প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

▶ **বলুন:** এবার আমরা গভীরভাবে শ্বাস নি। আপনার পেটের পেশীগুলি শিথিল করুন। একহাত আপনার পাঁজরের নিচে রাখুন।

নাক দিয়ে ধীরে, গভীরভাবে শ্বাস নিন। আপনার হাত উপরে উঠে যাচ্ছে তা বোধ করছেন কি?


এখন আপনার মুখ দিয়ে আস্তে আস্তে শ্বাস ছাড়তে শুরু করুন। নিশ্চিত করুন যে পুরোপুরি শ্বাস ফেলছেন। আপনার হাত নিচে চলে যাচ্ছে তা বোধ করছেন কি?

↗ **যা করবেন** অংশগ্রহণকারীদের কয়েক মিনিট সময় দিন। প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

গান বন্ধ কর। আলো বন্ধ কর।

🗨️ **আলোচনা করুন:** আরাম করার এই উপায়গুলি সম্বন্ধে আপনি কি মনে করেন? এগুলির কোনটি কি আপনার সহায়ক বলে মনে হলো?

<p>কোচের জন্যে নোট</p>	<p>চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায়</p>
	<p>► বলুন: মনে রাখবেন: ফল পেতে সময় লাগতে পারে। আরাম করতে গেলে অভ্যাস তা করতে হয়। প্রতিদিন অন্তত 10 মিনিট অভ্যাস করতে হয়।</p> <p>প্রথমে, আরাম করা সহজ হতে পারে যদি আপনি অন্ধকার, শান্ত ঘরে শুয়ে থাকেন। কিন্তু সময়ের সাথে, আপনি যে কোনো সময়ে, যে কোন জায়গায় আরাম করতে পারবেন।</p>
	<p>সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)</p>
	<p>► বলুন: অনুগ্রহ করে আপনার কর্ম পরিকল্পনার জার্নাল দেখুন। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।</p> <p>আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?</p> <p>এটাও মনে রাখবেন আমরা যা আলোচনা করেছি আজকে কিভাবে চাপ নিয়ন্ত্রণ করতে হয় তা সম্বন্ধে।</p> <p>পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:</p> <ul style="list-style-type: none"> ■ বাস্তবধর্মী ■ সম্পাদনযোগ্য ■ নির্দিষ্ট ■ নমনীয় <p>মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!</p> <p>📌 যা করবেন অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।</p>

কোচের জন্যে নোট	সারাংশ ও সমাপ্তি (5 মিনিট)
 <p>বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:</p> <ul style="list-style-type: none"> ■ চাপ কমানোর উপায় ■ “না” বলার অভ্যাস করুন। ■ কর্ম পরিকল্পনা 	<p>▶ বলুন: অনুগ্রহ করে আবার “চাপ কমানোর উপায়” দেখুন পৃষ্ঠা 5 এ। এখন আর আমাদের পরের সেশনের মধ্যে, লিখুন কি করে <u>আপনি</u> আপনার জীবন আরো কম চাপপূর্ণ বানাবেন।</p> <p>আমি এও চাইব যে আপনি “না” বলার অভ্যাস করুন। প্রতিদিন এমন কিছু একটা নিন যা আপনি চান না বা যার আপনার প্রয়োজন নেই, কিন্তু যাতে আপনি সাধারণত “হ্যাঁ” বলেন। “হ্যাঁ” বা “না” বলার পরিবর্তে!</p> <p>👉 যা করবেন প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।</p> <p>▶ বলুন: আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজকে আমরা কথা বললাম কি করে চাপ নিয়ন্ত্রণ করতে হয় তা নিয়ে। আমরা কথা বললাম:</p> <ul style="list-style-type: none"> ■ চাপের কিছু কারণ ■ চাপ এবং টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সংযোগ ■ চাপ কমানোর কিছু উপায় ■ চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায় <p>🗨️ আলোচনা করুন: আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?</p> <p>▶ বলুন: পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা _____ সম্পর্কে আলোচনা করব।</p> <p>এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।</p> <p>মিটিং মূলতুবি করা হলো।</p>



লাইফস্টাইল কোর্সের প্রশিক্ষণ নির্দেশিকা

বাসার বাইরে স্বাস্থ্যকর খাবার খান

বাসার বাইরে স্বাস্থ্যকর খাবার খান

সেশনের মূল বিষয়গুলি

বাসা থেকে বাইরে থাকার সময় স্বাস্থ্যকর খাবার খেলে তা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করবে। এই মডিউলটি অংশগ্রহণকারীদের শেখায় কিভাবে ট্র্যাঙ্কে থাকতে হয় তাদের খাদ্যের লক্ষ্যের সাথে রেস্টোরাঁ এবং সামাজিক অনুষ্ঠানে।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো করতে পারবে:

- ▶ রেস্টোরাঁ এবং সামাজিক অনুষ্ঠানে স্বাস্থ্যকর খাওয়ার প্রতিবন্ধকতা শনাক্ত করতে
- ▶ কিভাবে এই চ্যালেঞ্জগুলির জন্য পরিকল্পনা করবেন এবং সামলাবেন তা ব্যাখ্যা করতে

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রতিটি অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন

ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- স্থানীয় রেস্টুরেন্টের বিভিন্ন মেনু (কিছু স্বাস্থ্যকর, কিছু অস্বাস্থ্যকর; কিছু বসে খাওয়া যায়, কিছু ফাস্ট ফুড; বিভিন্ন রকমের রান্না; কিছু আপনাকে জানায় ক্যালরি বা ফ্যাট-জাতীয় পদার্থের মানসম্বলিত তথ্য, আবার কিছু জানায় না)। সেগুলিকে ইন্টারনেটের সাহায্যে বা ব্যক্তিগতভাবে জোগাড় করুন।

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায়ই 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা পৃষ্ঠা 6 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7..... 2 মিনিট
- সেইসব বাঁধাগুলি যা তাদের রেস্টুরান্টএ বা সামাজিক অনুষ্ঠানে ভালো খাওয়াদাওয়া করার অন্তরায় পৃষ্ঠা 7..... 5 মিনিট
- কিভাবে রেস্টুরান্টএ ভালোভাবে খেতে হয়..... পৃষ্ঠা 8..... 18 মিনিট
- সেইসব বাঁধাগুলি যা তাদের সামাজিক অনুষ্ঠানে ভালো খাওয়াদাওয়া করার অন্তরায়..... পৃষ্ঠা 12..... 5 মিনিট
- কিভাবে সামাজিক অনুষ্ঠানে ভালোভাবে খেতে হয়..... পৃষ্ঠা 13..... 10 মিনিট
- সাক্ষর্যের পরিকল্পনা পৃষ্ঠা 15..... 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 16..... 5 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

▶ **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজ, আমরা কথা বলব কি করে ভালো খাওয়াদাওয়া করা যায় যখন আপনি বাসার বাইরে।

শুরু করার আগে, আগেই যা আমরা আলোচনা করেছি সে ব্যাপারে কয়েক মিনিট ব্যয় করা যাক। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

📌 **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

🗨️ **আলোচনা করুন:** আগে আমরা যা নিয়ে আলোচনা করেছিলাম সেই নিয়ে কারো কি কোনো প্রশ্ন আছে?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

▶ **বলুন:** চলুন আমরা এবার কথা বলি সেই অন্য সব কিছু ব্যাপারে যা আপনারা বাসাতে চেষ্টা করেছিলেন।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

<p>কোচের জন্যে নোট</p>	<p>উদ্দেশ্য (2 মিনিট)</p>
	<p>► বলুন: বাসাতেই সঠিকভাবে খাওয়াদাওয়া করা যথেষ্ট কঠিন। এবারে বাইরে ভালো খাওয়াদাওয়া এক স্ববিশেষ চ্যালেঞ্জ ছুঁড়ে দেয় আমাদের দিকে। আজ আমরা, এই নিয়ে আলোচনা করব:</p> <ul style="list-style-type: none"> ■ রেস্টোরাঁ এবং সামাজিক অনুষ্ঠানে স্বাস্থ্যকর খাওয়ার কিছু প্রতিবন্ধকতা ■ কিভাবে এই চ্যালেঞ্জগুলির জন্য পরিকল্পনা করবেন এবং সামলাবেন <p>অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
<p>রেস্টুরান্টএ বাঁধাগুলি হল:</p> <ul style="list-style-type: none"> ■ বিশাল অংশ ■ বিনা স্বাস্থ্যসম্মত উপায়ে ■ খাদ্যের উপাদান বা রান্না কি ভাবে করা হয়েছে সে সম্বন্ধে না জেনেই ■ লোভনীয় খাবার ■ ভদ্রতা ও সৌজন্য দেখানোর উপায় ■ আপনার টাকার সঠিক মূল্য পেতে 	<p>অন্তরায়গুলি যা রেস্টুরান্টএ বা সামাজিক অনুষ্ঠানে ভালো খাওয়াদাওয়া করতে পারার জন্য (5 মিনিট)</p> <p>► বলুন: রেস্টুরান্টএ ভালো খাওয়াদাওয়া করা সত্যই কঠিন। আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে সেই “জোসের কাহিনীতে”-এই মডিউলের বিলিপত্র এ পৃষ্ঠা ও উল্টিয়ে দেখা যাক।</p> <p>➤ যা করবেন নিজে পড়ুন (অথবা কোনো এক স্বেচ্ছাকর্মীকে পড়তে বলুন) কাহিনীর প্রথম ও দ্বিতীয় অনুচ্ছেদ।</p> <p>🗨️ আলোচনা করুন: আপনি কি কি অন্তরায়ের সম্মুখীন হলেন রেস্টুরেন্টে ভালো খাওয়াদাওয়া করার ব্যাপারে?</p>

কোচের জন্যে নোট

আরো বিশদে স্বাস্থ্যকর খাদ্য চয়নের ব্যাপারে জানতে, পড়তে পেরেন সেই বিলিপত্রটি যা *Prevent T2* এর জন্য ভালোভাবে খান এবং এমন স্বাস্থ্যকর খাবার খান যা আপনি উপভোগ করেন মডিউলেগুলিতে পাওয়া যাবে।

কিভাবে রেস্টুরেন্টে ভালোভাবে খেতে হয় (18 মিনিট)

► **বলুন:** আমরা কথা বললাম সেইসব অন্তরায়গুলির সম্বন্ধে যা ভালো খাওয়াদাওয়া করার অন্তরায়। এখন কথা বলা যাক কি করে পরিকল্পনা করা যায় এবং বাঁধাগুলির সাথে মোকাবিলা করা যায়।

প্রথম কাজ হলো একটি রেস্টুরেন্ট খুঁজে বের করা।

একটি ভাল রেস্টুরেন্ট চয়ন করতে গেলে, সবার আগে মেনুটা দেখে নেওয়া বুদ্ধিমানের মত কাজ হবে।

► **জিজ্ঞাসা করুন:** মেনু কিভাবে পাওয়া যেতে পারে?

উত্তর: আপনি হয়ত তা ইন্টারনেটের সাহায্যে পেতে পারেন। অথবা ব্যক্তিগতভাবে জোগাড় করতে পারেন।

► **জিজ্ঞাসা করুন:** আপনি কিরকম খাবার খুঁজবেন এই মেনুতে?

উত্তর: খাবার যেগুলি কম ক্যালরিতে, ফ্যাটে, এবং মিষ্টিতে; বেশী (fiber) বা আঁশযুক্ত ও জলীয়; এবং বেশী ভিটামিন, মিনারেলস, ও প্রটিন আছে।

কোচের জন্যে নোট	কিভাবে রেস্টুরান্টএ ভালো খাওয়াদাওয়া করা যায়
🗨️ **আলোচনা করুন:** এইসব চ্যালেঞ্জ কাটিয়ে ওঠার উপায়গুলি কি?

কোচের জন্যে নোট

বিনোদনের উপায় অন্তর্ভুক্ত:

- গভীরভাবে শ্বাস নিন।
- আলো নেভান।
- শরীর প্রসারিত করুন।

কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন

► **বলুন:** শোওয়ার সময়ের রুটিন অনুসরণ করা ভালো যা আপনাকে সাহায্য করবে চাপ কমাতে। শুতে যাওয়ার কয়েক ঘন্টা আগে শুরু করার চেষ্টা করুন।

🗨️ **আলোচনা করুন:** কি কি বিষয় আপনাকে বিনোদনের ক্ষেত্রে সাহায্য করতে পারে।

► **বলুন:** কিছু ঘুমের চ্যালেঞ্জ স্বাস্থ্য সমস্যার লক্ষণ। যদি আপনার স্বাস্থ্য সম্পর্কে আপনার কোনো উদ্বেগ থাকে তাহলে অনুগ্রহ করে তা আপনার স্বাস্থ্য প্রদানকারীকে বলুন।

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** অনুগ্রহ করে আপনার কর্ম পরিকল্পনার জার্নাল দেখুন। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

যথেষ্ট ঘুমানো সম্পর্কে আমরা যা আলোচনা করেছি তা মাথায় রাখবেন।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

📌 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট

সারাংশ ও সমাপ্তি (5 মিনিট)



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- জেনির কাহিনী
- কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন
- চাপ কমানোর উপায়
- কর্ম পরিকল্পনা

► **বলুন:** এটির 3নং পাতায় আবার “জেনির কাহিনী” দেখা যাক। এখন ও আমাদের পরবর্তী সেশনের মধ্যে, অনুগ্রহ করে লিখে রাখুন আপনার ক্ষেত্রে রাতে ভালো করে ঘুমোবার পরিপন্থীগুলি কি কি?

এছাড়াও আমি 4 ও 6 নং পৃষ্ঠার “কিভাবে চ্যালেঞ্জ সামলাতে হয়” তা আপনাকে সম্পূর্ণ করতে চাই। “কাটিয়ে ওঠার অন্যান্য উপায়” কলামে আপনার নিজের আইডিয়া লিখুন। আপনি যেসব আইডিয়া চেষ্টা করেছেন সেগুলিতে টিক দিন।

এছাড়াও অনুগ্রহ করে 7 নং পাতার “বিনোদনের উপায়” সম্পূর্ণ করুন। দিনের শেষে আপনাকে চাপ মুক্ত হতে কি সাহায্য করে?

► **যা করবেন** প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

► **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। যথেষ্ট ঘুমালে তা আপনাকে কিভাবে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে অথবা বিলম্বিত করতে সাহায্য করতে পারে তা সম্পর্কে আজ আমরা আলোচনা করেছি। আমরা কথা বললাম:

- কেন ঘুম জরুরি
- যথেষ্ট ঘুমাবার কিছু প্রতিবন্ধকতা এবং তা সামলাবার কিছু উপায়

► **আলোচনা করুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

► **বলুন:** পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলতুবি করা হলো।



লাইফস্টাইল কোর্সের প্রশিক্ষণ নির্দেশিকা

বাসার বাইরেও শারীরিকভাবে তৎপর থাকুন

বাসার বাইরেও শারীরিকভাবে তৎপর থাকুন

সেশনের মূল বিষয়গুলি

বাসার বাইরেও শারীরিকভাবে তৎপর থাকলে তা আপনাকে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করবে। এই মডিউল থেকে অংশগ্রহণকারীরা যখন কাজের জন্য অথবা আনন্দের জন্য ভ্রাম্যমাণ থাকবেন তখন কিভাবে তাদের ফিটনেস লক্ষ্য পূরণ করবেন তা সম্পর্কে জানতে পারবেন।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো করতে পারবে:

- ▶ বাসার বাইরেও শারীরিকভাবে তৎপর থাকার কিছু প্রতিবন্ধকতা এবং তা সামলাবার কিছু উপায় শনাক্ত করতে পারবে

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রতিটি অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন

ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায় 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা..... পৃষ্ঠা 6..... 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7..... 2 মিনিট
- কিভাবে চ্যালেঞ্জ সামলাতে হয় পৃষ্ঠা 8..... 38 মিনিট
- সাফল্যের পরিকল্পনা পৃষ্ঠা 9..... 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 10..... 5 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট	স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)
	<p>▶ বলুন: সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।</p> <p>আজ আমরা বাসা থেকে দূরে থাকাকালীন শারীরিকভাবে তৎপর থাকা সম্পর্কে কথা বলতে চলেছি। আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।</p> <p>👉 যা করবেন আগের সেশন সংক্ষেপে বলুন।</p> <p>🗨️ আলোচনা করুন: আগে আমরা যা নিয়ে আলোচনা করেছিলাম সেই নিয়ে কারো কি কোনো প্রশ্ন আছে?</p> <p>▶ বলুন: আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।</p> <p>🗨️ আলোচনা করুন: কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?</p>

কোচের জন্যে নোট	স্বাগতম ও পর্যালোচনা
	<p>► বলুন: আসুন আপনি বাড়িতে অন্যান্য যা যা করেছেন তা কেমন হয়েছে তা নিয়ে আলোচনা করি।</p> <p>► আলোচনা করুন: কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?</p>
	উদ্দেশ্য (2 মিনিট)
	<p>► বলুন: আপনি যখন বাসার থেকে বাইরে থাকেন তখন সক্রিয় থাকলে তা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করবে। আজ আমরা বাসা থেকে দূরে থাকার সময় শারীরিকভাবে তৎপর থাকার কিছু প্রতিবন্ধকতা এবং তা সামলাবার কিছু উপায় সম্পর্কে কথা বলব।</p> <p>আপনি একটি নতুন কর্ম পরিকল্পনাও তৈরি করবেন!</p>

কোচের জন্যে নোট

চ্যালেঞ্জ ও তা কাটিয়ে ওঠার উপায়গুলি হল:

আমি দর্শনীয় স্থান দেখার জন্যে ব্যস্ত।

- শারীরিকভাবে তৎপর থাকার সময় দর্শনীয় স্থান দেখুন।

আমি বন্ধু বা পরিবারের সাথে দেখা করছি।

- এমন ক্রিয়াকলাপ খুঁজুন যা তারা আপনার সাথে করতে পারেন।

আমাকে অনেকটা পথ যেতে হবে।

- চড়ার সময় পা তুলে নিন।

আমি আমার ভ্রমণের জায়গার সঙ্গে পরিচিত নই।

- স্থানীয় মলের ভেতরে হাঁটুন।

আমি আমার ফিটনেস সেন্টার ব্যবহার করতে পারি না।

- একটি রেসিস্ট্যান্স ব্যান্ড সাথে নিন।

আমার সাথে আমার শরীর চর্চা করার সঙ্গী নেই।

- নিজের থেকেই শারীরিকভাবে তৎপর থাকুন।

কিভাবে চ্যালেঞ্জ সামলাতে হয় (38 মিনিট)

▶ **বলুন:** আপনি কাজের বা তৃপ্তির জন্যে ভ্রমণ করুন না কেন, বাসার বাইরে ফিটনেস লক্ষ্য পূরণ করা চ্যালেঞ্জিং হতে পারে। আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে এই মডিউলের বিলিপত্রের 3 নং পৃষ্ঠার “শেরির কাহিনী” দেখুন।

👉 **যা করবেন** কাহিনীটি পড়ুন (বা কোন স্বেচ্ছাসেবককে পড়তে বলুন)।

▶ **বলুন:** আসুন এখন বাসা থেকে বাইরে থাকার সময় শারীরিকভাবে তৎপর থাকার চ্যালেঞ্জ সম্পর্কে কথা বলা যাক।

🗨️ **আলোচনা করুন:** বাসা থেকে বাইরে থাকার সময় শারীরিকভাবে তৎপর থাকার সময় আপনার কি কি প্রতিবন্ধকতা থাকতে পারে?

👉 **যা করবেন** যদি ফ্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডের কোনো একটি ব্যবহার করেন তাহলে কি কারণে আপনি অস্বাস্থ্যকর খাবার কেনা আপনার কাছে চ্যালেঞ্জের সেটি লিখুন।

▶ **বলুন:** এখন মাথা খাটান।

🗨️ **আলোচনা করুন:** এইসব চ্যালেঞ্জ কাটিয়ে ওঠার উপায়গুলি কি?

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** অনুগ্রহ করে আপনার কর্ম পরিকল্পনার জার্নাল দেখুন। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

এছাড়াও বাসা থেকে বাইরে থাকার সময়ে কিভাবে সক্রিয় থাকবেন তা সম্পর্কে আমাদের আজকের আলোচনা মাথায় রাখবেন।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

📌 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট

আবার ট্র্যাকে ফিরে আসা সম্পর্কে আরও জানতে ট্র্যাকে ফিরে আসুন বিলিপত্রটি দেখুন।



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- শেরির কাহিনী
- কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন
- কর্ম পরিকল্পনা

সারাংশ ও সমাপ্তি (5 মিনিট)

► **বলুন:** আপনি দেখতে পাচ্ছেন যে বাসার বাইরে আপনি এখনও শারীরিকভাবে তৎপর থাকতে পারেন। আপনাকে একটু সৃজনশীল হতে হবে! এবং আপনি যদি রুটিনের বাইরে চলে যান তার মানে এই নয় যে পৃথিবী ধ্বংস হয়ে গেল। গুরুত্বপূর্ণ বিষয় হল সঠিক পথে ফিরে আসা ও এবং ভবিষ্যতে অনুরূপ ভ্রষ্টতা প্রতিরোধ করা।

এই মডিউলের বিলিপত্রের 3নং পাতায় “শেরির কাহিনী” দেখুন। আমাদের এখন ও পরবর্তী সেশনের মধ্যে, বাসা থেকে বাইরে থাকার সময় শারীরিকভাবে তৎপর থাকার সময় আপনার কি কি প্রতিবন্ধকতা থাকতে পারে অনুগ্রহ করে সেই সম্পর্কে লিখুন।

এছাড়াও আমি 4 ও 5 নং পৃষ্ঠার “কিভাবে চ্যালেঞ্জ সামালাতে হয়” তা আপনাকে সম্পূর্ণ করতে চাই। “কাটিয়ে ওঠার অন্যান্য উপায়” কলামে আপনার নিজের আইডিয়া লিখুন। আপনি যেসব আইডিয়া চেষ্টা করেছেন সেগুলিতে টিক দিন।

► **যা করবেন** প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

► **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজ আমরা বাসা থেকে দূরে থাকার সময় শারীরিকভাবে তৎপর থাকার কিছু প্রতিবন্ধকতা এবং তা সামলাবার কিছু উপায় সম্পর্কে কথা বলেছি।

► **আলোচনা করুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

► **বলুন:** পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলত্ববি করা হলো।



লাইফস্টাইল কোচের প্রশিক্ষণ নির্দেশিকা

T2 কিছু সম্বন্ধে আরো

T2 কিছু সম্বন্ধে আরো

সেশনের মূল বিষয়গুলি

এই মডিউল থেকে অংশগ্রহণকারীরা টাইপ 2 ডায়াবেটিস সম্পর্কে আরো বিস্তারিতভাবে জানতে পারবেন। এই রোগ সম্পর্কে আরো বেশী জানলে তা অংশগ্রহণকারীদেরকে এই রোগ প্রতিরোধ করার অনুপ্রেরণা যোগাতে পারবে। এতি তাদেরকে সামলাতে সাহায্য করবে যদি নিজেদের টাইপ 2 ডায়াবেটিস দেখা দেয়।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো করতে পারবে:

- ▶ টাইপ 2 ডায়াবেটিসের মৌলিক বিষয়গুলি শনাক্ত করতে
- ▶ টাইপ 2 ডায়াবেটিস আছে কিনা তা বের করার উপায় ব্যাখ্যা করতে
- ▶ কিভাবে টাইপ 2 ডায়াবেটিস নিয়ন্ত্রণ করবেন তা ব্যাখ্যা করতে

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রতিটি অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন

ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- ব্লাড গ্লুকোজ মিটার
- ইনসুলিন দেয়ার ডিভাইস, যেমন সিরিঞ্জ বা পেন
- টাইপ 2 ডায়াবেটিস আছে এমন অতিথি বক্তা

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায় 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা..... পৃষ্ঠা 6 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7 2 মিনিট
- টাইপ 2 ডায়াবেটিসের মৌলিক বিষয়গুলি: পর্যালোচনা পৃষ্ঠা 7 10 মিনিট
- আপনার টাইপ 2 ডায়াবেটিস আছে
কিনা কিভাবে বুঝবেন পৃষ্ঠা 8 5 মিনিট
- কিভাবে টাইপ 2 ডায়াবেটিস নিয়ন্ত্রণ করবেন পৃষ্ঠা 9 23 মিনিট
- সাক্ষ্যের পরিকল্পনা পৃষ্ঠা 11 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 12 5 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

▶ **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজ আমরা, টাইপ 2 ডায়াবেটিস সম্পর্কে আরো বেশী করে জানব।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

📌 **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

🗨️ **আলোচনা করুন:** আগে আমরা যা নিয়ে আলোচনা করেছিলাম সেই নিয়ে কারো কি কোনো প্রশ্ন আছে?

▶ **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

▶ **বলুন:** আসুন আপনি বাড়িতে অন্যান্য যা যা করেছেন তা কেমন হয়েছে তা নিয়ে আলোচনা করি।

🗨️ **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

কোচের জন্যে নোট	উদ্দেশ্য (2 মিনিট)
<p>কিছু মানুষ এই কর্মসূচির অধীনে থাকার পরেও তাদের টাইপ 2 ডায়াবেটিস বাড়তে পারে। প্রয়োজন হলে, যদি তাদের টাইপ 2 ডায়াবেটিস বাড়ে তা দেখান, তারা এই কর্মসূচিতে যা শিখবে তা তাদেরকে টাইপ 2 ডায়াবেটিস নিয়ন্ত্রণ করতে সাহায্য করবে।</p>	<p>► বলুন: টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে ওজন কমিয়ে এবং সক্রিয় থেকে আপনি কঠিন পরিশ্রম করছেন। আজ, আমরা এই রোগটি সম্পর্কে আরো বেশী জানব। আমরা এই নিয়ে কথা বলব:</p> <ul style="list-style-type: none"> ■ টাইপ 2 ডায়াবেটিসের মৌলিক বিষয়গুলি ■ আপনার টাইপ 2 ডায়াবেটিস আছে কিনা কিভাবে বুঝবেন ■ কিভাবে টাইপ 2 ডায়াবেটিস নিয়ন্ত্রণ করবেন <p>অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
	<p>টাইপ 2 ডায়াবেটিসের মৌলিক বিষয়গুলি: একটি পর্যালোচনা (10 মিনিট)</p> <p>► বলুন: মূল বিষয়গুলির পর্যালোচনার মাধ্যমে শুরু করা যাক। অনুগ্রহ করে এই মডিউলের বিলিপত্রের 3 নং পৃষ্ঠার “টাইপ 2 ডায়াবেটিসের মৌলিক বিষয়গুলি” দেখুন।</p> <p>👉 যা করবেন টাইপ 2 ডায়াবেটিস কি, এটি কিভাবে আপনার ক্ষতি করে এবং যেসব ঝুঁকির বিষয়গুলির কারণে আপনার টাইপ 2 ডায়াবেটিস হতে পারে তা পর্যালোচনা করতে এই বিলিপত্রটি ব্যবহার করুন।</p>

কোচের জন্যে নোট

আপনার টাইপ 2 ডায়াবেটিস আছে কিনা কিভাবে বুঝবেন (5 মিনিট)

► **বলুন:** আমরা টাইপ 2 ডায়াবেটিসের মৌলিক বিষয়াবলী পর্যালোচনা করেছি। আপনার টাইপ 2 ডায়াবেটিস আছে কিনা তা কিভাবে বুঝবেন আসুন সেই নিয়ে আলোচনা করা যাক।

যে সমস্ত ব্যক্তি টাইপ 2 ডায়াবেটিসের গোড়ার দিকে রয়েছেন তাদের কোনো উপসর্গ থাকে না। তাই তারা বুঝতে পারেন না তাদের টাইপ 2 ডায়াবেটিস হয়েছে কিনা।

► **জিজ্ঞাসা করুন:** আপনার টাইপ 2 ডায়াবেটিস হয়েছে কিনা জানার সবচেয়ে ভালো উপায় কি?

উত্তর: আপনার ব্লাড সুগার চেক করান।

► **বলুন:** যেহেতু আপনার টাইপ 2 ডায়াবেটিস হওয়ার ঝুঁকি আছে, তাই কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে নিয়মিতভাবে আপনার ব্লাড সুগার চেক করানো দরকার। কারণ যত শীঘ্র আপনি টাইপ 2 ডায়াবেটিসে আক্রান্ত কিনা জানতে পারবেন তত শীঘ্র এটিকে নিয়ন্ত্রণ করতে পারবেন। এইভাবে, আমরা যে স্বাস্থ্য সমস্যা নিয়ে এখন কথা বললাম সেগুলি প্রতিরোধ করতে পারবেন।

কোচের জন্যে নোট

কিভাবে টাইপ 2 ডায়াবেটিস নিয়ন্ত্রণ করবেন (23 মিনিট)

▶ **বলুন:** টাইপ 2 ডায়াবেটিস নিয়ন্ত্রণ করার লক্ষ্য হল আপনার ব্লাড সুগার স্বাস্থ্যকর পরিসরে রাখা।

আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে 4 নং পৃষ্ঠার “মাইক ও হেনরির কাহিনী” তে যান।

👉 **যা করবেন** কাহিনীটি পড়ুন (বা কোন স্বেচ্ছাসেবককে পড়তে বলুন)।

▶ **বলুন:** যে সমস্ত লোকের টাইপ 2 ডায়াবেটিস আছে তাদের অধিকাংশের খাওয়া ও ফিটনেসের লক্ষ্য অনেকটা আপনার মতোই। আপনার মতো তারাও স্বাস্থ্যকর ওজন বজায় রাখার চেষ্টা করছেন। তারা তাদের খাওয়া ও কার্যকলাপের ট্র্যাক রাখতে পারেন।

আপনি ছাড়া বেশির ভাগ মানুষ যাদের টাইপ 2 ডায়াবেটিস আছে তারা দৈনিক বা সাপ্তাহিকভাবে তাদের ব্লাড সুগার চেক করান। এবং তারা ফলাফল ট্র্যাক করেন।

👉 **যা করবেন** যদি আপনি চান তাহলে অংশগ্রহণকারীদেরকে একটি ব্লাড গ্লুকোজ মিটার দেন।

▶ **বলুন:** এছাড়া টাইপ 2 ডায়াবেটিস আছে এমন বহু মানুষ তাদের ব্লাড সুগার নিয়ন্ত্রণ করার জন্য ওষুধ খান। কেউ কেউ বড়ি খান। কেউ আবার ওষুধ ইঞ্জেকশনের মাধ্যমে নেন।

👉 **যা করবেন** আপনি চাইলে অংশগ্রহণকারীদের ইনসুলিন দেয়ার ডিভাইস, যেমন সিরিঞ্জ বা পেন দেখান।

▶ **বলুন:** টাইপ 2 ডায়াবেটিস আছে এমন লোকেরা তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছে প্রায়ই যান। এছাড়াও তারা অনেক পরীক্ষা করান। ব্লাড সুগার পরীক্ষা করা ছাড়াও, তাদের উচিত নিয়মিত ভিত্তিতে রক্তচাপ, কোলেস্টেরল, কিডনি, চোখ এবং পা পরীক্ষা করানো।

কোচের জন্যে নোট


যদি তাদের টাইপ 2 ডায়াবেটিস থাকে তাহলে তাদেরকে ব্লাড সুগার ট্র্যাক করতে হবে, ওষুধ নিতে হবে এবং অনেক বার ডাক্তারের কাছে যেতে ও পরীক্ষা করাতে হবে।

টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করার জন্য, অংশগ্রহণকারীরা তাদের খাদ্য ও ফিটনেস লক্ষ্য পূরণের জন্য বেশী করে কাজ করতে পারে এবং তাদের খাবার ও কার্যকলাপ ট্র্যাক করতে পারে।

.....
এই কাজটি ঐচ্ছিক।


.....

কিভাবে টাইপ 2 ডায়াবেটিস নিয়ন্ত্রণ করবেন

 **আলোচনা করুন:** কিভাবে আপনার জীবন পরিবর্তিত হবে যদি আপনার টাইপ 2 ডায়াবেটিস থাকে?

টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করার জন্য আপনি করবেন?

.....
 **কার্যকলাপ:** অতিথি বক্তা

 **যা করবেন** টাইপ 2 ডায়াবেটিস আছে এমন অতিথি বক্তাকে উপস্থিত করুন। বক্তাকে বলুন ডায়াবেটিস নিয়ন্ত্রণ করা কেমন (ইতিবাচক, নির্ভয়ে) তা সম্পর্কে বলতে। অংশগ্রহণকারীদেরকে প্রশ্ন করার জন্য আমন্ত্রণ করুন।

.....

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** আপনার কর্ম পরিকল্পনার দিনপঞ্জী দেখুন অনুগ্রহ করে। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

টাইপ 2 ডায়াবেটিস সম্পর্কে আমরা যা আলোচনা করেছি তা মাথায় রাখবেন।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

↗ **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট

সারাংশ ও সমাপ্তি (5 মিনিট)



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- টাইপ 2 ডায়াবেটিস সহ জীবন
- কর্ম পরিকল্পনা

► **বলুন:** অনুগ্রহ করে 5 নং পৃষ্ঠার “টাইপ 2 ডায়াবেটিস সহ জীবন” দেখুন। আমাদের এই পরবর্তী সেশনের মধ্যে, যদি আপনার টাইপ 2 ডায়াবেটিস হত তাহলে আপনার জীবন কেমন হত সেই সম্পর্কে চিন্তা করুন। তা প্রতিরোধ করার জন্য আপনি কি করবেন? আপনার চিন্তাভাবনা লিখুন।

► **যা করবেন** প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

► **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজ আমরা, টাইপ 2 ডায়াবেটিস সম্পর্কে জেনেছি। আমরা কথা বললাম:

- টাইপ 2 ডায়াবেটিসের মৌলিক বিষয়গুলি
- আপনার টাইপ 2 ডায়াবেটিস আছে কিনা কিভাবে বুঝবেন
- কিভাবে টাইপ 2 ডায়াবেটিস নিয়ন্ত্রণ করবেন

► **আলোচনা করুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

► **বলুন:** পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলতুবি করা হলো।



লাইফস্টাইল কোচের প্রশিক্ষণ নির্দেশিকা

কার্বোহাইড্রেট সম্পর্কে আরো কিছু তথ্য

কার্বোহাইড্রেট সম্পর্কে আরো কিছু তথ্য

সেশনের মূল বিষয়গুলি

কার্বোহাইড্রেট সম্পর্কে আরো জানলে তা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে অথবা বিলম্বিত করতে সাহায্য করতে পারে। এই মডিউল থেকে অংশগ্রহণকারীরা কার্বোহাইড্রেট সম্পর্কে আরো বিস্তারিতভাবে জানতে পারবেন।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো করতে পারবে:

- ▶ কার্বোহাইড্রেট ও টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সম্পর্কটি বুঝতে
- ▶ বিভিন্ন ধরনের কার্বোহাইড্রেট শনাক্ত করতে
- ▶ কার্বোহাইড্রেটের সম্পর্কে একটি সুস্থ দৃষ্টিভঙ্গী বর্ণনা করতে
- ▶ কিভাবে খাবারে কার্বোহাইড্রেটের পরিমাণ বের করতে হয় তা ব্যাখ্যা করতে

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রতিটি অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন

ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- বিভিন্ন ধরনের কার্বোহাইড্রেট: কিছু স্বাস্থ্যকর (ওট, বাদামী চাল, ডাল) এবং কিছু অস্বাস্থ্যকর (ক্যান্ডি, কুকিজ, কেক)
- কার্বোহাইড্রেট গণনার অ্যাপ ও ওয়েবসাইট

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন মাপতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদেরকে খালি ফিটনেস লগ, ফুড লগ এবং কর্ম পরিকল্পনা প্রয়োজন অনুসারে প্রদান করুন।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার। পরবর্তী সেশনের আগে আপনাকে করতে হবে এমন যে কোনো কাজও লিখে রাখুন।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায় 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা..... পৃষ্ঠা 6..... 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7..... 2 মিনিট
- কার্বোহাইড্রেট ও টাইপ 2 ডায়াবেটিস..... পৃষ্ঠা 7..... 5 মিনিট
- বিভিন্ন ধরনের কার্বোহাইড্রেট..... পৃষ্ঠা 8..... 15 মিনিট
- কার্বোহাইড্রেটের প্রতি একটি সুস্থ দৃষ্টিভঙ্গি পৃষ্ঠা 9..... 10 মিনিট
- নম্বর অনুসারে কার্বোহাইড্রেট পৃষ্ঠা 10..... 8 মিনিট
- সাফল্যের পরিকল্পনা পৃষ্ঠা 11..... 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 12..... 5 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

► **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি হল Prevent T2, CDC এর লাইফস্টাইল পরিবর্তনের কর্মসূচির __ মিটিং।

আজ, আমরা কার্বোহাইড্রেট সম্পর্কে আরো বেশী জানতে চলেছি, এটি কার্বও বলা হয়।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

► **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

► **আলোচনা করুন:** আগে আমরা যা নিয়ে আলোচনা করেছিলাম সেই নিয়ে কারো কি কোনো প্রশ্ন আছে?

► **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

► **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

► **বলুন:** আসুন আপনি বাড়িতে অন্যান্য যা যা করেছেন তা কেমন হয়েছে তা নিয়ে আলোচনা করি।

► **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

<p>কোচের জন্যে নোট</p>	<p>উদ্দেশ্য (2 মিনিট)</p>
	<p>► বলুন: কার্বোহাইড্রেট সম্পর্কে বোঝা আপনাকে টাইপ 2 ডায়াবেটিস রুখতে বা বিলম্বিত করায় সাহায্য করতে পারে। আজ আমরা, এই নিয়ে আলোচনা করব:</p> <ul style="list-style-type: none"> ■ কার্বোহাইড্রেট ও টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সম্পর্ক ■ কার্বোহাইড্রেটের প্রকারভেদ ■ কার্বোহাইড্রেটের প্রতি এক সূস্থ দৃষ্টিভঙ্গী ■ কিভাবে খাবারে কার্বোহাইড্রেটের পরিমাণ বের করতে হয় <p>অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
	<p>কার্বোহাইড্রেট ও টাইপ 2 ডায়াবেটিস (5 মিনিট)</p>
	<p>► বলুন: কার্বোহাইড্রেট ও টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সম্পর্কের বিষয় দিয়ে আলোচনা শুরু করা যাক।</p> <p>স্বাস্থ্যকর থাকতে আপনার কার্বোহাইড্রেট প্রয়োজন। আপনার শরীর বেশীরভাগ কার্বকে গ্লুকোজে ভেঙে দেয় বা রূপান্তরিত করে।</p> <p>► জিজ্ঞাসা করুন: গ্লুকোজ কি?</p> <p>উত্তর: সুগারের ধরণ</p> <p>► বলুন: আপনি যত কার্ব সমৃদ্ধ খান তত আপনার রক্তচাপ বাড়বে।</p> <p>যে সমস্ত লোকের টাইপ 2 ডায়াবেটিস নেই সুগার বা শর্করা তাদের রক্তে থেকে যায় এবং কোষে চলে যায়। এই সুগার বা শর্করা তাদের কোষে শক্তি জোগায়।</p>

<p>কোচের জন্যে নোট</p>	<p>কার্বোহাইড্রেট ও টাইপ 2 ডায়াবেটিস</p>
<p>টাইপ 2 ডায়াবেটিস সম্পর্কে আরো জানতে, T2 সম্বন্ধে আরো মডিউল সম্পর্কে আরো এর সঙ্গে থাকা বিলিপত্রগুলি দেখুন।</p>	<p>▶ জিজ্ঞাসা করুন: শরীরের কোন হরমোন রক্তে শর্করা থাকতে দেয় ও কোষে প্রবেশ করতে দেয়?</p> <p>উত্তর: ইনসুলিন</p> <p>▶ বলুন: যে সব মানুষের টাইপ 2 ডায়াবেটিস আছে, তাদের শরীরে ইন্সুলিন তৈরি হয় না বা তা সঠিকভাবে ব্যবহার করে না। তাই শর্করা রক্তে তৈরি হতে থাকে তাদের কোষের মধ্যে যাওয়ার বদলে। এর অর্থ কোষগুলি পর্যাপ্ত শক্তি পায় না।</p> <p>হাই ব্লাড সুগার সময়ে সময়ে শরীরের অনেক সমস্যা তৈরি করতে পারেন।</p>
	<p>কার্বোহাইড্রেটের ধরন (15 মিনিট)</p>
	<p>▶ বলুন: কার্বোহাইড্রেট ও টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সম্পর্ক সম্পর্কে আমরা আলোচনা করেছি। আসুন এখন বিভিন্ন ধরনের কার্বোহাইড্রেট সম্পর্কে আলোচনা করা যাক। অনুগ্রহ করে এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 3 থেকে 5 এ “কার্বোহাইড্রেটের ধরন” দেখুন।</p> <p>👉 যা করবেন স্টার্চ, শর্করা ও ফাইবার জাতীয় কার্বোহাইড্রেট সম্পর্কে আলোচনার জন্য এই বিলিপত্রটি ব্যবহার করুন।</p>

কোচের জন্যে নোট

স্বাস্থ্যকর খাওয়াদাওয়া সম্পর্কে আরো জানতে, পড়তে পেরেন সেই বিলিপত্রটি যা *Prevent T2* এর জন্য ভালোভাবে খান মডিউলেগুলিতে পাওয়া যাবে।

এই কাজটি ঐচ্ছিক।

স্বাস্থ্যকর কার্বোহাইড্রেটে কম ক্যালরির, ফ্যাট, শর্করা কম থাকে; ফাইবার ও পানিতে/জলে ভরপুর; এবং ভিটামিন মিনারেল ও প্রোটিনে ভরপুর।

খাওয়াদাওয়া প্রতি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী রাখতে হবে (10 মিনিট)

► **বলুন:** আমরা বিভিন্ন ধরে কার্বোহাইড্রেট সম্পর্কে আলোচনা করেছি। এখন আমরা প্রতিদিনের জীবনে কার্বোহাইড্রেট সম্পর্কে আলোচনা করব।

আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে 6 নং পৃষ্ঠার “ডেসমন্ডের কাহিনী” তে যান।

👉 **যা করবেন** কাহিনীটি পড়ুন (বা কোন স্বেচ্ছাসেবককে পড়তে বলুন)।

► **বলুন:** আসুন কার্বোহাইড্রেটের প্রতি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী সম্পর্কে আলোচনা করা যাক। অনুগ্রহ করে 7 নং পৃষ্ঠায় “কার্বোহাইড্রেটের প্রতি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী” দেখুন।

👉 **যা করবেন** আপনার খাওয়ার জন্য বুদ্ধিমত্তার সঙ্গে স্বাস্থ্যকর কার্বোহাইড্রেট সমৃদ্ধ খাবার চয়ন করতে বিলিপত্র ব্যবহার করুন।

✳️ **কার্যকলাপ:** কার্বোহাইড্রেট সমৃদ্ধ খাবার বাছাই করা

👉 **যা করবেন** বিভিন্ন ধরনের কার্বোহাইড্রেট আনুন: কিছু স্বাস্থ্যকর (ওট, বাদামী চাল, ডাল) এবং কিছু অস্বাস্থ্যকর (ক্যান্ডি, কুকিজ, কেক) কোনো ডেস্কে বা টেবিলে রাখুন।

এখন অংশগ্রহণকারীদেরকে তাদের সুস্থতার ভিত্তিতে আইটেমগুলি চয়ন করতে বলুন। অংশগ্রহণকারীদেরকে একসঙ্গে শ্রেণী হিসেবে কাজ করান। অথবা তাদের মধ্যে গ্রুপ করে দিন।

কোচের জন্যে নোট

খাদ্য পরিমাপ এবং ফুড লেবেল তৈরি করা সম্পর্কে জানতে, আপনার খাবারের মডিউলের ট্র্যাকের সঙ্গে বিলিপত্র দেখুন।

কার্বোহাইড্রেট মাপা (৪ মিনিট)

▶ **বলুন:** আমরা কার্বের প্রতি একটি স্বাস্থ্যকর দৃষ্টিভঙ্গী সম্পর্কে আলোচনা করেছি। আসুন এখন খাবারে কিভাবে কার্বোহাইড্রেটের পরিমাণ জানা যায় তা সম্পর্কে আলোচনা করি। অনুগ্রহ করে ৪ ও ৭ নং পাতায় “কার্বোহাইড্রেট মাপা” দেখুন।

↗ **যা করবেন** ফুড লেবেল পড়তে এবং খাদ্যে কার্বোহাইড্রেটের পরিমাণ জানতে বিলিপত্রটি ব্যবহার করুন। এক পরিবেশন কার্বোহাইড্রেটের কিছু উদাহরণ দেখুন। আপনার ইচ্ছা হলে কার্বোহাইড্রেট গণনার অ্যাপ ও ওয়েবসাইট শেয়ার করুন।

▶ **বলুন:** আপনাকে প্রতিদিন আপনার কার্বোহাইড্রেটের পরিমাণ গণনা করতে হবে কিনা তা আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন। হ্যাঁ হলে, আপনার দৈনিক লক্ষ্যমাত্রা সম্পর্কে জেনে নিন।

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** অনুগ্রহ করে আপনার কর্ম পরিকল্পনার জার্নাল দেখুন। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

কার্বোহাইড্রেট সম্পর্কে আমরা যা আলোচনা করেছি তা মাথায় রাখবেন।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

↙ **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট

সারাংশ ও সমাপ্তি (5 মিনিট)



বাসায় যেসব জিনিস চেষ্টা করবেন:

- আমার কার্ব
- কর্ম পরিকল্পনা

▶ **বলুন:** অনুগ্রহ করে 10 নং পাতায় “আমার কার্ব” দেখুন। এখন ও আমার পরবর্তী সেশনের মধ্যে, আপনার পছন্দের কিছু কার্বোহাইড্রেটের নাম লিখুন। সেগুলির প্রত্যেকটি স্বাস্থ্যকর কিনা তা ঠিক করুন। যদি তা না হয়, তাহলে তার পরিবর্তে স্বাস্থ্যকর কোন জিনিসটি আপনি খেতে পারেন তা লিখুন।

👉 **যা করবেন** প্রয়োজন মতো প্রশ্নের উত্তর দিন।

▶ **বলুন:** আমরা আমাদের মিটিংয়ের শেষে এসে পৌঁছেছি। আজ, আমরা কার্বোহাইড্রেট সম্পর্কে জেনেছি। আমরা যা আলোচনা করেছি:

- কার্বোহাইড্রেট ও টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সম্পর্ক
- কার্বোহাইড্রেটের প্রকারভেদ
- কার্বোহাইড্রেটের প্রতি এক সূস্থ দৃষ্টিভঙ্গী
- কিভাবে খাবারে কার্বোহাইড্রেটের পরিমাণ বের করতে হয়

🗨️ **আলোচনা করুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি?

▶ **বলুন:** পরের বার আমরা আপনার কর্ম পরিকল্পনা ও আপনি বাসায় যেসব জিনিস চেষ্টা করেছেন সেই বিষয়ে কথা বলব। এছাড়া আমরা __ সম্পর্কে আলোচনা করব।

এই সেশনে আসার জন্য ধন্যবাদ। পরের সেশনে আপনার অংশগ্রহণকারীর নোটবুক আনতে ভুলবেন না।

মিটিং মূলতুবি করা হলো।



লাইফস্টাইল কোর্সের প্রশিক্ষণ নির্দেশিকা

Prevent T2 - বাঁচার জন্য!

এই মডিউলটি করা উচিত শেষ সেশনে।

Prevent T2 - বাঁচার জন্য!

সেশনের মূল বিষয়গুলি

আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা চালু রাখলে তা সাহায্য করতে পারে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে। এই মডিউলটি অংশগ্রহণকারীদের সাহায্য করে তাদের প্রগতি সম্বন্ধে ভাবতে এবং দীর্ঘ মেয়াদে ইতিবাচক পরিবর্তন বজায় রাখতে।

অনুগ্রহ করে মনে রাখবেন: এই মডিউলটি করা উচিত শেষ সেশনে। স্বর মজাদার এবং অনানুষ্ঠানিক রাখার চেষ্টা করুন।

অংশগ্রহণকারীর শিক্ষার উদ্দেশ্য

এই সেশনের শেষে, অংশগ্রহণকারীরা এগুলো করতে পারবে:

- ▶ এই প্রোগ্রাম শুরু করার পরে তাদের প্রগতির প্রতিফলন জানাতে
- ▶ কর্মসূচি শেষ হলে কি করে তাদের স্বাস্থ্যকর জীবন যাত্রা অবিরত রাখবেন তা ব্যাখ্যা করা।
- ▶ পরের ছয় মাসের জন্য লক্ষ্য স্থির করতে।

উপকরণের চেকলিস্ট

আপনার প্রয়োজন হবে:


- আপনার অংশগ্রহণকারীর নোটবুক
- এই মডিউলের জন্য অংশগ্রহণকারীর নির্দেশিকা (প্রতিটি অংশগ্রহণকারী এবং আপনার জন্য একটি প্রতিলিপি)
- খালি ফিটনেস লগ, যেমন প্রয়োজন
- খালি ফুড লগ, যেমন প্রয়োজন
- খালি কর্ম পরিকল্পনা, যেমন প্রয়োজন
- লাইফস্টাইল কোচের লগ
- নামের ট্যাগ, যেমন প্রয়োজন
- অংশগ্রহণকারীদের ওজন মাপার স্কেল (সমস্ত সেশনের জন্য একই)
- হাতঘড়ি বা ঘড়ি
- পেন

ঐচ্ছিক:

- ক্লিপ চার্ট, ইজেল বা টেপ এবং মার্কার বা হোয়াইট বোর্ড, হোয়াইট বোর্ড মার্কার ও ইরেজার
- সাম্প্রতিক সাংখ্যিক তথ্যের উপর ভিত্তি করে দলগত এবং একক রিপোর্ট প্রতিটি অংশগ্রহণকারীর জন্য (আদর্শভাবে পূর্ববর্তী সেশন থেকে)
- বস্তু যা দেখায় দলটি কত পাউন্ড কমিয়েছে এই পর্যন্ত (ওজন, আটার ব্যাগ, খাদ্যের ক্যান, বা মাখনের স্টিক)
- আমন্ত্রিত বক্তা যিনি Prevent T2-র মধ্যে দিয়ে গেছেন
- দলগত ছবি (সেশনের আগে নেওয়া; প্রতি অংশগ্রহণকারীর জন্য একটি কপি)
- সম্পূর্ণতার প্রত্যয়নপত্র (আপনার দ্বারা ভর্তি করা; প্রতি অংশীদারের জন্য একটি কপি)
- স্বাস্থ্যকর টুকিটাকি খানার
- স্পার্কিং জল এবং কাপ

যা করতে হবে

এই সেশনের আগে:

- একটি মিটিং রুম সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে একটি ব্যক্তিগত স্থান আছে যেখানে আপনি অংশগ্রহণকারীদেরকে ওজন করতে পারেন।
- প্রয়োজনীয় সরবরাহ জড়ো করুন।
- লাইফস্টাইল কোচ প্রশিক্ষণের নির্দেশিকা এবং এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার পর্যালোচনা করুন। উভয় পুঙ্খানুপুঙ্খভাবে বুঝেছেন তা নিশ্চিত করুন।
- তাড়াতাড়ি পৌঁছান।
- এমনভাবে চেয়ারগুলি রাখুন যেন মনে হয় আলোচনা হবে, যেমন বৃত্তাকার।
- প্রয়োজনীয় তথ্য ক্লিপ চার্ট বা হোয়াইট বোর্ডে লিখুন (ঐচ্ছিক)। দেখুন 

প্রতিটি অংশগ্রহণকারী আসার সঙ্গে সঙ্গে:

- অংশগ্রহণকারীদের অভিবাদন জানান।
- অংশগ্রহণকারীদের একান্তে ওজন নিন।
- আপনার লাইফস্টাইল কোচের লগে অংশগ্রহণকারীদের ডেটা রেকর্ড করুন।
- অংশগ্রহণকারীদের তাদের ওজন সম্বন্ধে অবহিত করুন। অথবা, তাদের জন্য সেটি একটি স্টিকি নোটে লিখে রাখুন। তাদেরকে তাদের ওয়েট লগে লিখে রাখতে বলুন।
- অংশগ্রহণকারীদেরকে এই মডিউলের অংশগ্রহণকারীর নির্দেশিকার একটি প্রতিলিপি দিন।
- অংশগ্রহণকারীদের শূন্য ফিটনেস লগ, খাদ্যের লগ, এবং কর্ম পরিকল্পনা যদি তাদের তা প্রয়োজন হয়।
- অংশগ্রহণকারীদেরকে তাদের নামট্যাগ পূরণ করে প্রয়োজন অনুসারে পরিধান করতে বলুন।
- অংশগ্রহণকারীদের বসতে বলুন। যখন অংশগ্রহণকারীরা গ্রুপের অন্যদের জন্য অপেক্ষা করছেন তখন তাদেরকে পৃষ্ঠা 2 এর “সেশনের মূল বিষয়গুলি” পর্যালোচনা করতে বলুন।

এই সেশনের পরে:

- যত শীঘ্র সম্ভব, এই সেশনের নোট নিন। লিখে নিন কি কি ভুল হয়েছে আর কোথায় কোথায় উন্নতি করা দরকার।

মডিউলের রূপরেখা

সেশনের বিষয়বস্তু:

নিম্নলিখিত বিষয়বস্তুটি 60 মিনিটের জন্য ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে প্রতিটি সেশনে ওজন করার জন্য এবং অংশগ্রহণকারীদের সঙ্গে পরামর্শ করার জন্য অতিরিক্ত প্রায় 10 মিনিটের অনুমতি দিন।

- স্বাগতম ও পর্যালোচনা পৃষ্ঠা 6 10 মিনিট
- উদ্দেশ্য..... পৃষ্ঠা 7..... 2 মিনিট
- দেখুন আপনি কতদূর এসেছেন! পৃষ্ঠা 7..... 15 মিনিট
- ভালো কাজ চালু রাখুন! পৃষ্ঠা 10..... 10 মিনিট
- পরের ছয় মাসে আপনার লক্ষ্য..... পৃষ্ঠা 12..... 8 মিনিট
- সাফল্যের পরিকল্পনা পৃষ্ঠা 13..... 5 মিনিট
- সারাংশ ও সমাপ্তি পৃষ্ঠা 14..... 10 মিনিট

লাইফস্টাইল কোচের স্ক্রিপ্ট

কোচের জন্যে নোট

স্বাগতম ও পর্যালোচনা (10 মিনিট)

► **বলুন:** সকলকে আবারও স্বাগতম! এটি Prevent T2-র চূড়ান্ত মিটিং, CDC-র জীবনযাত্রা পরিবর্তনের কর্মসূচি।

আজকে আমরা কথা বলব কি করে আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা অবিরত রাখা যায় দীর্ঘ মেয়াদে।

আমাদের শুরু করার আগে আসুন আমরা আগে কি আলোচনা করেছিলাম সেই বিষয়ে একটু কথা বলি। আপনার কোনো প্রশ্ন থাকলে আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

► **যা করবেন** আগের সেশন সংক্ষেপে বলুন।

► **আলোচনা করুন:** আগে আমরা যা নিয়ে আলোচনা করেছিলাম সেই নিয়ে কারো কি কোনো প্রশ্ন আছে?

► **বলুন:** আসুন আগে আপনি যে কর্ম পরিকল্পনা করেছিলেন সেই অনুসারে কিভাবে কাজ হয়েছে তা সম্পর্কে আলোচনা করি।

► **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

► **বলুন:** আসুন আপনি বাড়িতে অন্যান্য যা যা করেছেন তা কেমন হয়েছে তা নিয়ে আলোচনা করি।

► **আলোচনা করুন:** কি কি ভালোভাবে হয়েছে? কি কি ভালোভাবে হয়নি?

কোচের জন্যে নোট	উদ্দেশ্য (2 মিনিট)
	<p>► বলুন: দীর্ঘ মেয়াদে আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা অবিরত রাখা আপনাকে সাহায্য করতে পারে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে অথবা বিলম্বিত করতে। আজ আমরা, এই নিয়ে আলোচনা করব:</p> <ul style="list-style-type: none">■ এই কর্মসূচি শুরু করার পর আপনার প্রগতি■ কর্মসূচি শেষ হলে কি করে আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা অবিরত রাখবেন।■ পরের ছয় মাসে আপনার লক্ষ্য <p>অবশেষে, আপনি একটি নতুন কর্ম পরিকল্পনা করবেন।</p>
	দেখুন আপনি কতদূর এসেছেন! (15 মিনিটে)
	<p>► বলুন: কতদূর আপনি এসেছেন এক বছর আগে এই কর্মসূচি শুরু করার পরে, তা নিয়ে কথা বলে আমরা শুরু করি।</p> <p>🗨️ আলোচনা করুন: কি স্বাস্থ্যকর পরিবর্তন আপনি করেছেন আপনার <u>থাবারে</u>?</p> <p>কি স্বাস্থ্যকর পরিবর্তন আপনি করেছেন আপনার <u>ক্রিয়াকলাপে</u>?</p> <p>কি <u>প্রতিবন্ধকতা</u> আপনি জয় করেছেন ওই স্বাস্থ্যকর জীবনযাত্রার জন্য?</p> <p>এই কাজ করতে গিয়ে আপনি কি শিখেছেন নিজের সম্বন্ধে?</p>

কোচের জন্যে নোট

এই কাজটি ঐচ্ছিক।

রিপোর্টটির অন্তর্ভুক্ত থাকা উচিত:

- দলটি যত পাউন্ড কমিয়েছে (মোট শরীরের ওজন থেকে বাদ সাম্প্রতিকতম শরীরের ওজন)
- দলটি যে শতাংশ শরীরের ওজন কমিয়েছে (যত পাউন্ড দলটি কমিয়েছে, তাকে মোট শুরু করার সময়ের ওজন দিয়ে ভাগ করে)
- দলটি প্রতি সপ্তাহে যত মিনিট ক্রিয়াকলাপ লাভ করেছে (সাম্প্রতিকতম মোট সময় থেকে বাদ মোট শুরু করার সময়ের মিনিট)

দেখুন আপনি কতদূর এসেছেন!

☀️ **কার্যকলাপ:** দলের প্রগতির রিপোর্ট

▶ **বলুন:** আমরা দেখি আপনি কত প্রগতি করেছেন একটি দল হিসেবে।

📌 **যা করবেন** একটি লিখিত রিপোর্ট বিতরণ করুন যা দলের এত অবধি যা প্রগতি হয়েছে তা বিবৃত করে। রিপোর্টটি ব্যাখ্যা করুন। আপনি চাইলে একটি ক্লিপ চাটে বা সাদা ব্যবহার করুন।

কোচের জন্যে নোট	দেখুন আপনি কতদূর এসেছেন!
<p>.....</p> <p>এই কাজটি ঐচ্ছিক।</p>	<p>.....</p> <p>☀ কার্যকলাপ: দলের প্রগতির বস্তু</p> <p>📌 যা করবেন এমন বস্তু নিয়ে আসুন যা দেখায় দলটি কত পাউন্ড কমিয়েছে এই পর্যন্ত। এই বস্তুগুলি হতে পারে ওজন, আটার ব্যাগ, খাদ্যের ক্যান, বা মাখনের স্টিক। অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানান সেগুলি তোলার জন্য।</p>
<p>.....</p> <p>এই কাজটি ঐচ্ছিক।</p> <p>রিপোর্টটির অন্তর্ভুক্ত থাকা উচিত:</p> <ul style="list-style-type: none"> ■ ব্যক্তিটি যত পাউন্ড কমিয়েছে (শুরু করার সময় ওজন থেকে বাদ সাম্প্রতিকতম শরীরের ওজন) ■ ব্যক্তিটি যে শতাংশ শরীরের ওজন কমিয়েছে (যত পাউন্ড ব্যক্তিটি কমিয়েছে, তাকে মোট শুরু করার সময়ের ওজন দিয়ে ভাগ করে) ■ ব্যক্তিটি প্রতি সপ্তাহে যত মিনিট ফ্রিয়াকলাপ লাভ করেছে (সাম্প্রতিকতম মোট সময় থেকে বাদ মোট শুরু করার সময়ের মিনিট) <p>.....</p>	<p>.....</p> <p>☀ কার্যকলাপ: একক প্রগতির রিপোর্ট</p> <p>📌 যা করবেন একটি লিখিত রিপোর্ট বিতরণ করুন প্রতি অংশগ্রহণকারীকে যা সেই ব্যক্তির এত অবধি যা প্রগতি হয়েছে তা বিবৃত করে। রিপোর্টটি ব্যাখ্যা করুন। আপনি চাইলে একটি ক্লিপ চার্টে বা সাদা ব্যবহার করুন।</p> <p>▶ বলুন: এটি শুধু আপনার জন্য। অন্য কেউ এটি দেখতে পাবেন না।</p> <p>.....</p>

<p>কোচের জন্যে নোট</p>	<p>দেখুন আপনি কতদূর এসেছেন!</p>
	<p>► বলুন: আপনাদের মধ্যে কয়েকজন আপনাদের ওজন এবং কার্যকলাপের লক্ষ্যে পৌঁছতে পেরেছেন। অন্যরা এখনো সেগুলির উদ্দেশ্যে কাজ করছেন। কিন্তু আপনারা সবাই দারুন প্রগতি করেছেন। আমি আপনাদের নিয়ে খুব গর্বিত এবং আমি আশা করি আপনিও গর্বিত।</p>
	<p>ভালো কাজ চালু রাখুন! (10 মিনিট)</p>
	<p>► বলুন: এতদূর আপনি এসেছেন এই কর্মসূচি শুরু করার পর থেকে। এবং এই পথে অনেক চ্যালেঞ্জের সাথে আপনি মোকাবিলা করেছেন। এরপরের চ্যালেঞ্জ হলো আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা অবিরত রাখা এই কর্মসূচি শেষ হবার পর।</p> <p>আসুন একটি উদাহরণ দেখা যাক। অনুগ্রহ করে “রাসাদের কাহিনী” দেখুন এই মডিউলের বিলিপত্রের পৃষ্ঠা 3 এ।</p> <p>📌 যা করবেন পড়ুন (বা একজন স্বেচ্ছাসেবিকে বলুন পড়তে) কাহিনীটির প্রথম তিনটি অনুচ্ছেদ।</p> <p>🗨️ আলোচনা করুন: আপনাদের মধ্যে কি কেউ এর আগে ওজন কমিয়েছেন, কিন্তু তা পরে আবার ফিরে এসেছে?</p> <p>► জিজ্ঞাসা করুন: আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা অবিরত রাখা দীর্ঘ মেয়াদে কেন গুরুত্বপূর্ণ?</p> <p>উত্তর: আপনি যদি আপনার স্বাস্থ্যকর অভ্যাস বজায় না রাখেন আপনি যে প্রগতি করেছেন তা হারাবেন। আপনার টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি আবার বেড়ে যাবে।</p>

কোচের জন্যে নোট

সমর্থন পাবার সম্বন্ধে আরো জানতে, সমর্থন পান বিলিপত্রগুলি দেখুন। অনুপ্রানিত থাকার বিষয়ে আরো জানতে, জন্য অনুপ্রানিত থাকুন বিলিপত্র দেখুন।

কর্মসূচি শেষ হবার পরেও আপনার দলটি যোগাযোগ করা অবিরত রাখতে পারে। আপনি এটি আরো সহজ করে দিতে পারেন একটি সোশাল নেটওয়ার্ক তৈরি করে এবং একত্রিত হবার ব্যবস্থার আয়োজন করে। (বিশদ জানতে “কর্মসূচির সার্বিক নজর” দেখুন)

.....
এই কাজটি ঐচ্ছিক।

.....

ভালো কাজ চালু রাখুন!

▶ **বলুন:** আবার আলোচনায় ফেরা যাক।

📌 **যা করবেন** পড়ুন (বা একজন স্বেচ্ছাসেবিকে বলুন পড়তে) কাহিনীটির শেষ তিনটি অনুচ্ছেদ।

🗨️ **আলোচনা করুন:** আপনি কি বলেন? কি করে আপনি সমর্থন পাবেন এই কর্মসূচি সমাপ্ত হলে?

এবং কি করে আপনি অনুপ্রানিত থাকবেন এই কর্মসূচি সমাপ্ত হলে?

.....
🌟 **কার্যকলাপ:** অতিথি বক্তা

📌 **যা করবেন** একটি অতিথি বক্তাকে উপস্থিত করুন যিনি Prevent T2-র মধ্যে দিয়ে গেছেন। বক্তাকে বর্ণনা দিতে বলুন কি করে সমর্থন পেতে হয় এবং অনুপ্রানিত থাকতে হয় কর্মসূচি শেষ হলে। অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানান প্রস্তুত করার জন্য।

.....

কোচের জন্যে নোট

পরের ছয় মাসে আপনার লক্ষ্য (8 মিনিট)

► **বলুন:** কর্মসূচি শেষ হলে কি করে আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা অবিরত রাখবেন তা নিয়ে আলোচনা করেছি। এবার আমরা কথা বলি আপনার পরের ধাপগুলি সম্বন্ধে। অনুগ্রহ করে “পরের ছয় মাস আপনার লক্ষ্য” দেখুন পৃষ্ঠা 4 এবং 5 এ।

যেমন দেখতে পাচ্ছেন, পরের ছয় মাসে আপনার কার্যকলাপের লক্ষ্য অপরিবর্তিত - প্রতি সপ্তাহে অন্তত 150 মিনিটের মধ্যম বা তার বেশি গতির ক্রিয়াকলাপ পেতে।

কিন্তু আপনি আপনার ওজনের লক্ষ্য পুনর্বিবেচনা করতে পারেন। আমরা এটি একসাথে ভর্তি করি।

প্রথমে, আপনার ওজন এখন কত তা ভরুন। এই সেই ওজন যা আমি আপনাকে বলেছিলাম কালকে।

এরপর, স্থির করুন আপনি পরের ছয় মাসে আপনার ওজন কমাতে চান না একই রাখতে চান। আপনার পছন্দগুলি বিলিপত্রে চিহ্নিত করুন।

- আপনার লক্ষ্য যদি হয় ওজন কমানো, যে ওজনে আপনি পৌঁছাবেন তা লিখুন।
- আপনার লক্ষ্য যদি হয় ওজন বজায় রাখা, আপনি যে ওজনে পৌঁছাবেন তা লিখুন।

↗ **যা করবেন** অংশগ্রহণকারীদের সাহায্য করুন তাদের ওজনের লক্ষ্য ভর্তি করতে। তারপর বিলিপত্র ব্যবহার করুন আলোচনা করতে স্বাস্থ্যকর জীবন যাত্রার দক্ষতা সম্বন্ধে যা তারা এই কর্মসূচিতে শিখেছেন।

► **বলুন:** আপনি অনেক স্বাস্থ্যকর জীবন যাত্রার দক্ষতা শিখেছেন এই কর্মসূচিতে। আমি আপনাকে উত্সাহ দেব এই দক্ষতাগুলি ব্যবহার করতে আসছে মাস ও বছরগুলিতে। আপনার যদি এই দক্ষতাগুলি পর্যালোচনা করার প্রয়োজন হয় তাহলে আপনার অংশগ্রহণকারীর নোটবুক দেখুন।

কোচের জন্যে নোট

সাফল্যের পরিকল্পনা (5 মিনিট)

► **বলুন:** আপনার কর্ম পরিকল্পনার দিনপঞ্জী দেখুন অনুগ্রহ করে। পরের কয়েক মিনিট একটি নতুন কর্ম পরিকল্পনা করে দেখি।

আমাদের আগের সেশন থেকে কি কাজ করলো এবং কোনটি করলো না তা মনে রাখতে হবে। এমন কোন পরিবর্তন আছে কি যা আপনি করতে চান?

এটাও মনে রাখবেন আমরা যা আজ আলোচনা করেছি কিভাবে আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা চালু রাখতে হয় তা সম্বন্ধে।

পরিকল্পনা করার সময় মনে রাখুন যে তা পালন করতে হবে:

- বাস্তবধর্মী
- সম্পাদনযোগ্য
- নির্দিষ্ট
- নমনীয়

মনে রাখবেন আচরণের দিকগুলির উপর বেশি করে লক্ষ্য রাখতে হবে। এবং আনন্দে থাকতে চেষ্টা করুন!

📌 **যা করবেন** অংশগ্রহণকারীদেরকে তাদের কর্ম পরিকল্পনা করার জন্য কয়েক মিনিট দিন।

কোচের জন্যে নোট

সারাংশ ও সমাপ্তি (10 মিনিট)

► **বলুন:** আমরা Prevent T2 এর শেষে এসে পৌঁছেছি। আজকে আমরা আলোচনা করলাম কিভাবে আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা চালু রাখলে তা সাহায্য করতে পারে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে। আমরা কথা বললাম:

- এই কর্মসূচি শুরু করার পর আপনার প্রগতি
- কর্মসূচি শেষ হলে কি করে আপনার স্বাস্থ্যকর জীবন যাত্রা অবিরত রাখবেন।
- পরের ছয় মাসে আপনার লক্ষ্য

🗨️ **আলোচনা করুন:** আমরা আজকে যা নিয়ে কথা বলেছি তা নিয়ে আপনার কোনো প্রশ্ন আছে কি, বা কোনো রকম প্রশ্ন আছে কি?

► **বলুন:** এবং এখন সময় হলো উদযাপন করার!

👉 **যা করবেন** একটি ছোট আনন্দ অনুষ্ঠান করুন। এখানে কিছু ধারণা দেওয়া হলো:

- স্বাস্থ্যকর জলখাবার খান।
- প্রতিটি অংশগ্রহণকারীকে একটি গ্রুপ ছবি দিন। প্রস্তাব দিন অংশগ্রহণকারীরা যেন পরস্পরের ছবিতে সাক্ষর করেন।
- সম্পূর্ণতার প্রত্যয়নপত্র বিলি করুন।
- একটি দলগত আলিঙ্গন করুন।
- এক দফা বাহবা জানান।
- স্পার্কলিং ওয়াটার (সোডা পানি/জল) দিয়ে টোস্ট করুন।

মিটিং মূলতুবি করা হলো।